পশ্যেৎ নার্হতীত্যর্থঃ। যচ্চ কেবলম্ আদ্যং পরং ব্রহ্ম, পঞ্চবিংশং জীবব্রহ্ম, অকেবলং পরস্পরসংসৃষ্টম্, পরঞ্চ প্রকৃত্যাদিজড়বৃন্দঞ্চ বর্ত্ততে; তদপি যো ন পশ্যেৎ, স পুনঃ পুনরাবর্ত্তত এবেতি শেষঃ ॥৮২॥

তথ্যমিতি। ক্ষেম্যং সর্ব্বথা ক্ষেমজনকম্, দৈবতাদ্যং দেবেভ্যোঽপি পূর্ব্ববর্ত্তি পরং ব্রহ্ম। স্বস্তি মঙ্গলম্। বুদ্ধ্যা তত্ত্বজ্ঞানেন, তে মনশ্চ সদা বুদ্ধিযুক্তম্ তত্ত্বজ্ঞানান্বিতমস্তু ॥৮৩॥

এবমিতি। মহাত্মা স বিশ্বাবসুঃ। ময়া পরয়া তুষ্ট্যা দৃষ্টঃ সন্, মাম্ অভিবাদ্য মম প্রদক্ষিণঞ্চ কৃত্বা, শ্রীমতা সুন্দরেণ দর্শনেন, বিভ্রাজন্ বিরাজন্ সন্, এবমুক্ত্বা, দিবং স্বর্গং সংপ্রয়াতঃ ॥৮৪॥

ভারতভাবদীপঃ

॥৭৮॥ তেনেতি সার্দ্ধশ্লোকো ব্যাখ্যাতঃ ॥৭৯—৮০॥ অপ্রতিবুদ্ধঃ প্রধানম্, বুধ্যমানো জীবঃ, বুদ্ধো ব্রহ্ম ॥৮১॥ ধীফলমাহ—পশ্যেতি। পশ্যং দ্রষ্টারম্, অপশ্যং দৃশ্যম্, ক্ষেম্যং ক্ষেমায় সাধু, তত্ত্বং দৃগ্‌দৃশ্যয়োরন্তঞ্চ নির্ব্বিকল্পকতয়া যো ন পশ্যেৎ স এব কেবলং সাক্ষ্যেণাপি নির্ম্মুক্তম-কেবলং সাক্ষিরূপং পঞ্চবিংশং চিদাভাসরূপম্, আদ্যং জগৎকারণং, পরং মহদাদিকার্য্যম্। অনেন "য এবং বেদাহং ব্রহ্মাস্মীতি স ইদং সর্ব্বং ভবতী"তি শ্রুতৌ ব্রহ্মপদেন নির্ব্বিশেষং সর্ব্বপদেন

কশ্যপনন্দন! যে লোক জীবাত্মা ও প্রকৃত্যাদি জড়বর্গকে পৃথক্‌রূপে না জানে এবং মঙ্গলজনক তত্ত্বজ্ঞান অর্জ্জন করিতে না পারে, আর যাহা কেবল অর্থাৎ অন্যাসংসৃষ্ট পরমাত্মা ও জীবাত্মা এবং অকেবল অন্যান্যসংসৃষ্ট প্রকৃত্যাদি জড়বর্গ রহিয়াছে, সে সমস্তও পৃথক্ পৃথক্‌রূপে না বোঝে, সে লোকের বার বার সংসারে আগমন অবশ্যই হইয়া থাকে' ॥৮২॥

বিশ্বাবসু বলিলেন—'প্রভু! তত্ত্বজ্ঞানী ব্রাহ্মণ! আপনি এই সত্য, শুভ ও সমীচীনভাবে মুক্তিজনক পরব্রহ্মের কথা যথাযথভাবে বলিলেন—আপনি সর্ব্বদা তত্ত্বজ্ঞানযুক্ত বলিয়া আপনার অক্ষয় মঙ্গল হউক এবং আপনার মন সর্ব্বদা তত্ত্বজ্ঞানযুক্ত থাকুক' ॥৮৩॥

যাজ্ঞবল্ক্য বলিলেন—'তাহার পর আমি পরম সন্তোষের সহিত সেই গন্ধর্ব্বরাজের প্রতি দৃষ্টিপাত করিলাম; তখন সেই মহাত্মা গন্ধর্ব্বরাজ আমাকে অভিবাদন ও প্রদক্ষিণ করিয়া সুন্দরদর্শনে প্রকাশ পাইতে থাকিয়াও এইরূপ বলিয়া স্বর্গে প্রস্থান করিলেন—॥৮৪॥

ব্রহ্মাদীনাং খেচরাণাং ক্ষিতৌ চ যে চাধস্তাৎ সংবসন্তে নরেন্দ্র ! ।
তত্রৈব তদ্দর্শনং দর্শয়ন্ বৈ সম্যক্ ক্ষেম্যং যে পথং সংশ্রিতা বৈ ॥৮৫॥
সাংখ্যাঃ সর্ব্বে সাংখ্যধর্ম্মে রতাশ্চ তদ্বদ্‌যোগা যোগধর্ম্মে রতাশ্চ।
যে চাপ্যন্যে মোক্ষকামা মনুষ্যাস্তেষামেতদ্দর্শনং জ্ঞানদৃষ্টম্ ॥৮৬॥
জ্ঞানান্মোক্ষো জায়তে রাজসিংহ ! নাস্ত্যজ্ঞানাদেবমাহুর্নরেন্দ্র ! ।
তস্মাজ্‌জ্ঞানং তত্ত্বতোঽন্বেষিতব্যং যেনাত্মানং মোক্ষয়েজ্জন্মমৃত্যোঃ ॥৮৭॥
প্রাপ্য জ্ঞানং ব্রাহ্মণাৎ ক্ষত্রিয়াদ্বা বৈশ্যাচ্ছূদ্রাদপি নীচাদভীক্ষ্ণম্ ।
শ্রদ্ধাতব্যং শ্রদ্দধানেন নিত্যং ন শ্রদ্ধিনং জন্মমৃত্যু বিশেতাম্ ॥৮৮॥

ভারতকৌমুদী

ব্রহ্মেতি। হে নরেন্দ্র ! মিথিলারাজ ! যে ক্ষিতৌ, অধস্তাৎ পাতালে চ সংবসন্তে তিষ্ঠন্তি তেষাং সমীপ ইতি শেষঃ, তথা ব্রহ্মাদীনাং খেচরাণাং দেবানাঞ্চ সমীপে, যে চ সম্যক্, ক্ষেম্যং মঙ্গলজনকং পথং মুক্তিমার্গং সংশ্রিতাঃ, তেষাং সমীপে চ তৎ দর্শনং সাংখ্যজ্ঞানম্, তত্র তদানীমেব দর্শয়ন্ প্রকাশয়ন্নাসীৎ বিশ্বাবসুরিতি শেষঃ ॥৮৫॥

সাংখ্যা ইতি। সাংখ্যাঃ সাংখ্যমতাবলম্বিনঃ। এবং যোগা অপি। এতদ্দর্শনং সাংখ্যযোগ-দর্শনজ্ঞানফলম্ জ্ঞানেন প্রত্যক্ষেণৈব দৃষ্টম্ ॥৮৬॥

জ্ঞানাদিতি। অজ্ঞানাৎ নাস্তি মোক্ষো ন ভবতি। আহুর্ম্মুনয়ঃ ॥৮৭॥

প্রাপ্যেতি। "নীচাদপ্যুত্তমাং বিদ্যাম্" ইতি ন্যায়েনেতি ভাবঃ। নীচাচ্চাণ্ডালাদেরপি। অভীক্ষ্ণং সর্ব্বদা, শ্রদ্ধাতব্যম্ এতজ্‌জ্ঞানং মোক্ষজনকতয়া বিশ্বসিতব্যম্। জন্মমৃত্যু শ্রদ্ধিনং জ্ঞানাভ্যাসে বিশ্বাসবন্তম্। "ইন্নেকস্বরাদতঃ" ইতি শ্রদ্ধাশব্দাদিন্, অতঃ অবর্ণাদিত্যর্থঃ। বিশেতাম্ আশ্রয়েতাম্ ॥৮৮॥

নরনাথ মিথিলাপতি ! যাঁহারা পৃথিবীতে ও পাতালে বাস করেন এবং যাঁহারা সম্যক্ মুক্তিমার্গ আশ্রয় করিয়াছেন, তাঁহাদের নিকটে এবং ব্রহ্মাদিদেবগণের নিকটে তখনই যাইয়া তিনি সেই সকল সাংখ্যদর্শনোক্ত জ্ঞানের কথা প্রকাশ করিয়াছিলেন ॥৮৫॥

সাংখ্যমতাবলম্বী সকলেই সাংখ্যধর্ম্মাচরণে ব্যাপৃত থাকেন এবং সেইরূপ যোগমতাবলম্বীরাও যোগধর্ম্মাচরণে নিরত রহেন। অন্য যে সকল মানুষ মোক্ষকামনা করে, তাহাদেরও এই দুইটী দর্শনানুসারী জ্ঞানের ফল প্রত্যক্ষ দেখা যায় ॥৮৬॥

নরনাথ রাজশ্রেষ্ঠ ! মুনিরা এইরূপ বলেন যে তত্ত্বজ্ঞান হইতেই মুক্তি হয় ; কিন্তু অজ্ঞান হইতে মুক্তি হয় না ; অতএব যথার্থভাবে সেই জ্ঞানের অন্বেষণ করিতে হইবে ; যে জ্ঞানদ্বারা মানুষ আপনাকে জন্ম ও মৃত্যু হইতে মুক্ত করিতে পারে ॥৮৭॥

সর্ব্বে বর্ণা ব্রাহ্মণা ব্রহ্মজাশ্চ সর্ব্বে নিত্যং ব্যাহরন্তে চ ব্রহ্ম।
তত্ত্বং শাস্ত্রং ব্রহ্মবুদ্ধ্যা ব্রবীমি সর্ব্বং বিশ্বং ব্রহ্ম চৈতৎ সমস্তম্ ॥৮৯॥
ব্রহ্মাস্যতো ব্রাহ্মণাঃ সংপ্রসূতা বাহুভ্যাং বৈ ক্ষত্রিয়াঃ সংপ্রসূতাঃ।
নাভ্যাং বৈশ্যাঃ পাদতশ্চাপি শূদ্রাঃ সর্ব্বে বর্ণা নান্যথা বেদিতব্যাঃ ॥৯০॥
অজ্ঞানতঃ কর্ম্মযোনিং ভজন্তে তাং তাং রাজংস্তে যথা যান্ত্যভাবম্।
তথা বর্ণা জ্ঞানহীনাঃ পতন্তে ঘোরাদজ্ঞানাৎ প্রাকৃতং যোনিজালম্ ॥৯১॥
তস্মাজ্‌জ্ঞানং সর্ব্বতো মার্গিতব্যং সর্বত্রস্থং চৈতদুক্তং ময়া তে।
তৎস্থো ব্রহ্মা তস্থিবাংশ্চাপরো যস্তস্মৈ নিত্যং মোক্ষমাহুর্নরেন্দ্র। ॥৯২॥

ভারতকৌমুদী

সর্ব্ব ইতি। ব্রহ্মজা ব্রাহ্মণাজ্জাতাঃ, সর্ব্বএব বর্ণা ব্রাহ্মণা এব ভবন্তি, অতস্তে সর্ব্বে নিত্যং ব্রহ্ম পরমাত্মানং ব্যাহরন্তে ব্রুবন্তি। তত্ত্বং যথাযথম্ ॥৮৯॥

ব্রহ্মেতি। ব্রহ্মণো হিরণ্যগর্ভস্য আস্যান্মুখাৎ, সংপ্রসূতা জাতাঃ। নাভ্যাং নাভিনীচাদূরুদ্বয়াৎ "উরূ যদস্য তদ্বৈশ্যঃ" ইতি শ্রুতেঃ ॥৯০॥

অজ্ঞানত ইতি। কর্ম্মযোনিং স্বস্বকর্ম্মানুরূপাং জাতিম্। অভাবং নাশম্। পতন্তে গচ্ছন্তি, প্রাকৃতং প্রকৃতিজনিতম্ ॥৯১॥

ভারতভাবদীপঃ

কেবলাদিকঞ্চ গ্রাহ্যমিতি দর্শিতম্ ॥৮২॥ ক্ষেমাং মোক্ষায় হিতং দৈবতাগ্র্যং ব্রহ্ম ॥৮৩—৮৪॥ দর্শনং শাস্ত্রং, দর্শয়ন্নদর্শয়ন্, পথঃ পন্থানম্ ॥৮৫॥ জ্ঞানদৃষ্টং প্রত্যক্ষফলমিত্যর্থঃ ॥৮৬—৮৭॥ শ্রদ্দিনং

শ্রদ্ধাবান্ মানুষ ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র কিংবা নীচ জাতি হইতেও জ্ঞান লাভ করিয়া সর্ব্বদা তাহার উপরে শ্রদ্ধা পোষণ করিবে। কারণ, সেইরূপ শ্রদ্ধাশীল লোকের জন্ম ও মৃত্যু হয় না ॥৮৮॥

ব্রাহ্মণ হইতে উৎপন্ন সমস্ত বর্ণই ব্রাহ্মণ হয়; সুতরাং তাঁহারা সকলেই ব্রহ্ম বলিতে পারেন। আমি ব্রহ্মজ্ঞান অনুসারে যথার্থ শাস্ত্র বলিতেছি—এই সমগ্র জগৎ কিংবা এই দৃশ্যমান বস্তু সকলই ব্রহ্ম ॥৮৯॥

ব্রহ্মার মুখ হইতে ব্রাহ্মণ, বাহুযুগল হইতে ক্ষত্রিয়, ঊরুদ্বয় হইতে বৈশ্য এবং পাদযুগল হইতে শূদ্র জন্মিয়াছেন। অতএব সমস্ত বর্ণকেই ব্রহ্মা হইতে উৎপন্ন বলিয়া জানিবে, কিন্তু অন্য প্রকার নহে ॥৯০॥

রাজা! মনুষ্যগণ অজ্ঞানবশতই কর্ম্মজনিত সেই সেই জাতি প্রাপ্ত হয় এবং তাহারা মৃত্যুমুখে পতিত হইয়া থাকে। জ্ঞানহীন লোকেরা ভয়ঙ্কর অজ্ঞানবশতঃ প্রকৃতিজনিত নানা যোনিতে পতিত হয় ॥৯১॥

যত্তে পৃষ্টং ত্বয়া চোপদিষ্টং যাথাতথ্যং তদ্বিশোকো ভবস্ব।
রাজন্! গচ্ছস্বৈতদর্থস্য পারং সম্যক্ প্রোক্তং স্বস্তি তে ত্বস্তু নিত্যম্ ॥৯৩॥

ভীষ্ম উবাচ।

স এবমনুশাস্তস্তু যাজ্ঞবল্ক্যেন ধীমতা।
প্রীতিমানভবদ্রাজা মিথিলাধিপতিস্তদা ॥৯৪॥
গতে মুনিবরে তস্মিন্ কৃতে চাপি প্রদক্ষিণম্।
দৈবরাতির্নরপতিরাসীনস্তত্র মোক্ষবিৎ ॥৯৫॥

ভারতকৌমুদী

তস্মাদিতি। সর্ব্বত্রস্থং সর্বেষু বর্ণেষু স্থিতম্। তস্মিন্ জ্ঞানে তিষ্ঠতীতি তস্থঃ, ব্রহ্মা ব্রাহ্মণঃ, অপরো যঃ ক্ষত্রিয়াদিঃ, সোঽপি তস্মিন্ জ্ঞানে তস্থিবান্। অতএব তস্মৈ জ্ঞানায় যতিতব্যমিতি শেষঃ। তস্মাৎ জ্ঞানাচ্চ নিত্যম্ মোক্ষম্ আহুঃ ॥৯২॥

যদিতি। তে ত্বয়া। এতদর্থস্য তত্ত্বজ্ঞানস্য ॥৯৩॥

স ইতি। অনুশাস্ত উপদিষ্টঃ ॥৯৪॥

গত ইতি। দেবরাতস্যাপত্যং দৈবরাতিঃ ॥৯৫॥

ভারতভাবদীপঃ

প্রভাবজ্ঞম্, আদন্তাদপি মন্বর্থীয় ইনিঃ ॥৮৮—৯২॥ সর্ব্বত্রস্থং সর্ববর্ণগতং ; তৎস্থো জ্ঞাননিষ্ঠো যঃ স এব ব্রহ্মা ব্রাহ্মণঃ, অপরঃ ক্ষত্রিয়াদিরপি তস্থিবান্ তস্থৌ জ্ঞানে ইতি শেষঃ। তস্মৈ তদর্থং

অতএব নরনাথ! সর্ববর্ণগত তত্ত্বজ্ঞানের অন্বেষণ সর্ব্বপ্রকারে করিতে হইবে, ইহা আমি আপনার নিকট বলিলাম। ব্রাহ্মণগণ সেই তত্ত্বজ্ঞানবশতই স্বপদে রহিয়াছেন এবং অন্য যে সকল বর্ণ আছে, তাহারাও সেই তত্ত্বজ্ঞানে অবস্থান করে ; অতএব সর্ব্বদাই সেই তত্ত্বজ্ঞান লাভের জন্য যত্ন করিবে। কারণ, মুনিরা মুক্তিকে তত্ত্বজ্ঞানেরই ফল বলেন ॥৯২॥

রাজা! আপনি যাহা জিজ্ঞাসা করিয়াছিলেন, আমি তাহা যথাযথভাবে বলিলাম, অতএব আপনি শোকবিহীন হউন এবং এই তত্ত্বজ্ঞানের পারে গমন করুন। আমি আপনাকে সমীচীন কথাই বলিয়াছি, সর্ব্বদাই আপনার মঙ্গল হউক' ॥৯৩॥

ভীষ্ম বলিলেন—'জ্ঞানী যাজ্ঞবল্ক্য এইরূপ উপদেশ দিলে, তখন মিথিলাধিপতি রাজা জনক সন্তুষ্ট হইলেন ॥৯৪॥

জনকরাজা প্রদক্ষিণ করিলে, মুনিশ্রেষ্ঠ যাজ্ঞবল্ক্য তথা হইতে চলিয়া গেলেন।

---

(৯৩) তদ্বিশোকো ভরত—বিনি।

গোকোটিং স্পর্শয়ামাস হিরণ্যস্য তথৈব চ।
রত্নাঞ্জলিমথৈকৈকং ব্রাহ্মণেভ্যো দদৌ তদা ॥৯৬॥
বিদেহরাজ্যঞ্চ তদা প্রতিষ্ঠাপ্য সুতস্য বৈ।
যতিধর্ম্মমুপাসংশ্চাপ্যবসন্মিথিলাধিপঃ ॥৯৭॥
সাংখ্যজ্ঞানমধীয়ানো যোগশাস্ত্রঞ্চ কৃৎস্নশঃ।
ধর্ম্মাধর্ম্মঞ্চ রাজেন্দ্র! প্রাকৃতং পরিগর্হয়ন্ ॥৯৮॥
অনন্ত ইতি কৃত্বা স নিত্যং কেবলমাস্থিতঃ।
ধর্ম্মাধর্ম্মৌ পুণ্যপাপে সত্যাসত্যে তথৈব চ ॥৯৯॥
জন্মমৃত্যু চ রাজেন্দ্র। প্রাকৃতং তদচিন্তয়ৎ।
ব্যক্তাব্যক্তস্য কর্ম্মেদমিতি নিত্যং নরাধিপ! ॥১০০॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

গবিতি। স্পর্শয়ামাস দদৌ "ত্যাগো বিহাপনং দানং স্পর্শনং প্রতিপাদনম্" ইত্যমরঃ। হিরণ্যস্য ধনস্য ॥৯৬॥

বিদেহেতি। সুতস্য উপরি। যতিধর্ম্মং জিতেন্দ্রিয়াচারম্, উপাসন্ উপাসীন আশ্রয়ন্ ॥৯৭॥

সাংখ্যেতি। অধীয়ানঃ শিক্ষমাণ আসীৎ। প্রাকৃতং স্বাভাবিকম্ ॥৯৮॥

অনন্ত ইতি। অহম্ অনন্তঃ অসীম ইতি মনসি কৃত্বা। ধর্ম্মাধর্ম্মৌ ন্যায়ান্যায়ৌ। প্রাকৃতং সর্ব্বমেতৎ প্রকৃতিঘটিতমিতি চ মনসি কৃত্বা। ব্যক্তং মহদাদি অব্যক্তঞ্চ প্রকৃতিস্তস্য, ইদং ধর্ম্মাদিকং কর্ম্ম ইতি চ মনসি কৃত্বা, নিত্যং সর্ব্বদা, নিত্যং সনাতনম্, কেবলং মুক্তঞ্চ তদ্ব্রহ্ম অচিন্তয়ৎ ॥৯৯—১০০॥

ভারতভাবদীপঃ

মোক্ষং নিত্যং নিত্যসিদ্ধম্ ॥৯৩—৯৫॥ স্পর্শয়ামাস দদৌ ॥৯৬॥ উপাসন্নুপাসীনঃ ॥৯৭॥ প্রাকৃতমাবিদ্যকম্ ॥৯৮॥ অনন্তস্ত্রিবিধপরিচ্ছেদশূন্যোঽহমিতি মনসি নিশ্চয়ং কৃত্বা নিত্যং সর্বদা যতো

তখন দেবরাতের পুত্র রাজা জনক মোক্ষজ্ঞান লাভ করিয়া, সে স্থানেই উপবিষ্ট রহিলেন ॥৯৫॥

তখন জনকরাজা ব্রাহ্মণগণকে কোটি কোটি গরু ও ধন দান করিতে লাগিলেন এবং এক একজন ব্রাহ্মণকে এক এক অঞ্জলি রত্ন বিতরণ করিতে লাগিলেন ॥৯৬॥

ক্রমে তিনি পুত্রের উপরে মিথিলারাজ্য স্থাপন করিয়া, যতিধর্ম্ম অবলম্বনপূর্ব্বক বাস করিতে লাগিলেন ॥৯৭॥

রাজশ্রেষ্ঠ! ক্রমে তিনি স্বাভাবিক ধর্ম্ম ও অধর্ম্মের নিন্দা করিয়া, সমস্ত সাংখ্য ও যোগশাস্ত্রশিক্ষায় প্রবৃত্ত হইলেন ॥৯৮॥

(৯৬) রত্নাঞ্জলিমথৈকঞ্চ—বঙ্গ বৰ্দ্ধ।

পশ্যন্তি যোগাঃ সাংখ্যাশ্চ স্বশাস্ত্রকৃতলক্ষণাঃ।
ইষ্টানিষ্টবিমুক্তং হি তস্থৌ ব্রহ্ম পরাৎ পরম্ ॥১০১॥
নিত্যং তদাহুর্বিদ্বাংসঃ শুচি তস্মাচ্ছুচির্ভব।
দীয়তে যচ্চ লভতে দত্তং যচ্চানুমন্যতে ॥১০২॥
দদাতি চ নরশ্রেষ্ঠ! প্রতিগৃহ্লাতি যচ্চ হ।
দদাত্যব্যক্ত ইত্যেতৎ প্রতিগৃহ্লাতি যচ্চ বৈ ॥১০৩॥
আত্মা হ্যেবাত্মনো হ্যেকঃ কোঽন্যস্তস্মাৎ পরো ভবেৎ।
এবং মন্যস্ব সততমন্যথা মা বিচিন্তয় ॥১০৪॥

ভারতকৌমুদী

পশ্যন্তীতি। ইষ্টানিষ্টবিমুক্তং প্রিয়াপ্রিয়রহিতম্, পরাৎ প্রধানাদপি পরং প্রধানঞ্চ যদ্ ব্রহ্ম চিরং তস্থৌ; স্বেন শাস্ত্রেণ যোগদর্শনেন সাংখ্যদর্শনেন চ কৃতং নিরূপিতং লক্ষণং স্বরূপং যেষু তে তাদৃশা যোগাঃ সাংখ্যাশ্চ তদ্ ব্রহ্ম পশ্যন্তি ॥১০১॥

নিত্যমিতি। যদ্বস্তু দীয়তে যদ্বস্তু লভতে, যদ্বস্তু দত্তং যচ্চ বস্তু দাতুম্ অনুমন্যতে, তৎসর্ব্বমেব নিত্যং শুচি চ তদব্রহ্ম ইতি বিদ্বাংস আহুঃ তস্মাৎ ত্বমপি শুচিঃ রাগদ্বেষাদিশূন্যো ভব ॥১০২॥

দদাতীতি। হে নরশ্রেষ্ঠ! লোকো যদ্বস্তু দদাতি, যদ্বস্তু চ প্রতিগৃহ্লাতি, যৎকর্ত্তৃ দদাতি যচ্চ কর্ত্তৃ প্রতিগৃহ্লাতি ইত্যেতৎ সর্ব্বমেব অব্যক্তঃ পরমাত্মা "সর্ব্বং খল্বিদং ব্রহ্ম" ইতি শ্রুতেঃ ॥১০৩॥

আত্মেতি। আত্মা এক এব আত্মনঃ স্বস্য পর উত্তমো বন্ধুঃ; তস্মাদন্যঃ কঃ পরো বন্ধুর্ভবেৎ। হে যুধিষ্ঠির! ত্বম্ এবং সততং মন্যস্ব, অন্যথা মা বিচিন্তয় ॥১০৪॥

নরনাথ রাজশ্রেষ্ঠ! এক আমি অনন্ত; কিন্তু ন্যায় ও অন্যায়, পুণ্য ও পাপ, সত্য ও মিথ্যা এবং জন্ম ও মৃত্যু—এ সমস্তই প্রকৃতির কার্য্য কিংবা মহত্তত্ত্বপ্রভৃতি ও মূলপ্রকৃতির কর্ম্ম—এইরূপ মনে মনে ভাবিয়া, সর্বদা নিত্য ও নিত্যমুক্ত পরমাত্মার চিন্তা করিতে লাগিলেন ॥৯৯—১০০॥

প্রিয় ও অপ্রিয়রহিত এবং শ্রেষ্ঠ হইতেও শ্রেষ্ঠ যে ব্রহ্ম চিরকাল আছেন; আপন আপন শাস্ত্রনিরূপিত সেই ব্রহ্মকে যোগমতাবলম্বী ও সাংখ্যমতাবলম্বী মহাপুরুষেরা প্রত্যক্ষ দেখিতে পান ॥১০১॥

লোকে যাহা দান করে, যাহা লাভ করে, যাহা দিয়াছে এবং যাহা দান করিবার অনুমতি করে, সে সমস্তই ব্রহ্ম এবং তিনি নিত্য ও রাগদ্বেষাদিশূন্য, ইহা জ্ঞানীরা বলেন। অতএব যুধিষ্ঠির! তুমি সেই রাগদ্বেষাদি শূন্য হও ॥১০২॥

নরশ্রেষ্ঠ! যাহা দান করে বা গ্রহণ করে, যে দেয় বা যে লয়, সে সকলই সেই পরমাত্মা ॥১০৩॥

যস্যাব্যক্তং ন বিদিতং সগুণং নির্গুণং পুনঃ।
তেন তীর্থানি যজ্ঞাশ্চ সেবিতব্যা বিপশ্চিতা ॥১০৫॥
ন স্বাধ্যায়ৈস্তপোভির্বা যজ্ঞৈর্বা কুরুনন্দন।।
লভতেঽব্যক্তিকং স্থানং জ্ঞাত্বাব্যক্তং মহীয়তে ॥১০৬॥
তথৈব মহতঃ স্থানমাহঙ্কারিকমেব চ।
অহঙ্কারাৎ পরং চাপি স্থানানি সমবাপ্নুয়াৎ ॥১০৭॥
যে ত্বব্যক্তাৎ পরং নিত্যং জানতে শাস্ত্রতৎপরাঃ।
জন্মমৃত্যুবিমুক্তঞ্চ বিমুক্তং সদসচ্চ যৎ ॥১০৮॥

ভারতকৌমুদী

যস্যেতি। যস্য পুনঃ সগুণম্ ইচ্ছাদ্বেষাদিগুণযুক্তম্ ঈশ্বরভূতম্, নির্গুণম্ ইচ্ছাদিসর্ব্বগুণশূন্যম্ তুরীয়ম্ অব্যক্তং ব্রহ্ম ন বিদিতং জ্ঞাতুং ন শক্তম্, তেন বিপশ্চিতা বুধেন তীর্থানি যজ্ঞাশ্চ সেবিতব্যা ॥১০৫॥

নেতি। হে কুরুনন্দন! স্বাধ্যায়ৈর্ব্বেদপাঠৈঃ, তপোভির্ব্বা যজ্ঞৈর্ব্বা, আব্যক্তিকং ব্রহ্মসম্বন্ধি স্থানং ন লভতে; কিন্তু অব্যক্তং ব্রহ্ম জ্ঞাত্বা, মহীয়তে তৎস্থানে গচ্ছতি। লভতেঽব্যক্তিকমিতি সন্ধিরার্ষঃ ॥১০৬॥

তথেতি। অব্যক্তং ব্রহ্ম জ্ঞাত্বা, মহতো মহত্তত্ত্বস্য স্থানম্ আহঙ্কারিকঞ্চ স্থানম্ অহঙ্কারাৎ পরঞ্চাপি স্থানম্, এতানি স্থানানি সমবাপ্নুয়াৎ ॥১০৭॥

ভারতভাবদীপঃ

ধর্ম্মাদিকং প্রাকৃতং মিথ্যাতঃ কেবলমেবাচিন্তয়দিতি সার্দ্ধঃ শ্লোকঃ ॥৯৯॥ ইদং ধর্ম্মাদি, ব্যক্তং বুদ্ধ্যাদি, অব্যক্তমজ্ঞানম্ ॥১০০॥ তস্মৈ স্থাণুবদচলমস্তীত্যর্থঃ ॥১০১॥ দীয়মানং গবাদিকং সর্ব্বমাত্মৈবেত্যর্থঃ ॥১০২—১০৩॥ এবমুক্তপ্রকারেণ মত্তত্ত্ব জানীহি ॥১০৪—১০৫॥ অব্যক্তাদীনাং মধ্যে

যুধিষ্ঠির! এক পরমাত্মাই আত্মার পরম বন্ধু, তদ্ভিন্ন কে পরম বন্ধু হইতে পারে? তুমি সর্ব্বদা এইরূপ চিন্তা কর, অন্যরূপ চিন্তা করিও না ॥১০৪॥

যিনি সগুণ বা নির্গুণ ব্রহ্মকে জানিতে পারেন নাই, তিনিই তীর্থ পর্য্যটন ও যজ্ঞানুষ্ঠান করিবেন ॥১০৫॥

কৌরবনন্দন! মানুষ বেদপাঠ, তপস্যা কিংবা যজ্ঞদ্বারা ব্রহ্মপদ লাভ করিতে পারে না; কিন্তু ব্রহ্মকে জানিয়াই ব্রহ্মপদ লাভ করিতে পারে ॥১০৬॥

এবং মহত্তত্ত্বের স্থান, অহঙ্কারের স্থান কিংবা অহঙ্কারের স্থান হইতেও উত্তম স্থান—এই সকল স্থানই ব্রহ্মজ্ঞ লোক লাভ করিতে পারেন ॥১০৭॥

এতন্ময়াপ্তং জনকাৎ পুরস্তাত্তেনাপি চাপ্তং নৃপ! যাজ্ঞবল্ক্যাৎ।
জ্ঞানং বিশিষ্টং ন তথাহি যজ্ঞা জ্ঞানেন দুর্গং তরতে ন যজ্ঞৈঃ ॥১০৯॥
দুর্গং জন্মনিধনঞ্চাপি রাজন্! ন ভৌতিকং জ্ঞানবিদো বদন্তি।
যজ্ঞৈস্তপোভির্নিয়মৈর্ব্রতৈশ্চ দিবং সমাসাদ্য পতন্তি ভূমৌ ॥১১০॥
তস্মাদুপাসস্ব পরং মহচ্ছুচি শিবং বিমোক্ষং বিমলং পবিত্রম্।
ক্ষেত্রং জ্ঞাত্বা পার্থিব! জ্ঞানযজ্ঞমুপাস্য বৈ তত্ত্বমৃষির্ভবিষ্যসি ॥১১১॥

ভারতকৌমুদী

য ইতি। যে শাস্ত্রতৎপরা জনাঃ, অব্যক্তাৎ প্রকৃতেরপি, পরং শ্রেষ্ঠম্, নিত্যং, জন্মমৃত্যুভ্যাম্, বিমুক্তং বিরহিতম্, বিমুক্তং নিত্যমুক্তম্, সৎ কারণাবস্থায়াং বিদ্যমানম্, অসৎ কার্য্যাবস্থায়াঞ্চ অবিদ্যমানম্, অথবা আস্তিকমতে সৎ, নাস্তিকমতে চ অসৎ, যদ্‌ব্রহ্ম, তে তল্লভন্ত ইতি শেষঃ ॥১০৮॥

এতদিতি। হে নৃপ! ময়া এতজ্‌জ্ঞানম্, পুরস্তাৎ পূর্ব্বম্, জনকাদাপ্তম্ তেন জনকেনাপি চ যাজ্ঞবল্ক্যাদাপ্তম্। জ্ঞানং বিশিষ্টং যজ্ঞাদিকর্ম্মভ্যঃ শ্রেষ্ঠম্, তথা যজ্ঞা ন। যেন হি তেন জ্ঞানেন দুর্গং দুর্গবৎকষ্টদায়কং জন্ম মরণঞ্চ তরতে, কিন্তু যজ্ঞৈর্ন ॥১০৯॥

দুর্গমিতি। হে রাজন্! জ্ঞানবিদঃ, ভৌতিকং জন্ম নিধনঞ্চ দুর্গং বদন্তি। অতএব লোকা যজ্ঞৈস্তপোভিঃ, নিয়মৈস্তজ্জপৈর্ব্রতৈশ্চ মরণানন্তরং দিবং স্বর্গং সমাসাদ্য পুনর্ভূমৌ পতন্তি তৎ-পুণ্যক্ষয়াৎ ॥১১০॥

তস্মাদিতি। হে পার্থিব! তস্মাৎ ত্বম্, পরং সর্ব্বশ্রেষ্ঠম্, মহৎ সর্ব্বতো বিশালম্, শুচি শুভ্রম্, শিবং মঙ্গলময়ম্, বিমোক্ষং নিত্যমুক্তম্, বিমলং রাগদ্বেষাদিমলশূন্যম্ পবিত্রম্, স্বজ্ঞানেনাপি পবিত্রতাজনকঞ্চ ব্রহ্ম, উপাস্‌স্ব উপাসস্ব। তৎক্ষেত্রম্ উপাসনাস্থানং জ্ঞাত্বা, জ্ঞানযজ্ঞম্ উপাস্য বিধায় ত্বমপি ঋষিরেব ভবিষ্যসি ॥১১১॥

শাস্ত্রপরায়ণ যে সকল লোক প্রকৃতি অপেক্ষা শ্রেষ্ঠ, জন্মমৃত্যুশূন্য, নিত্যমুক্ত, আস্তিকমতে বিদ্যমান, নাস্তিকমতে অবিদ্যমান এবং সনাতন ব্রহ্মকে জানিতে পারেন, তাঁহারা মুক্তিলাভ করেন ॥১০৮॥

রাজা! আমি পূর্ব্বে করালজনকের নিকট এই জ্ঞান লাভ করিয়াছিলাম, তিনিও যাজ্ঞবল্ক্যের নিকট হইতে পাইয়াছিলেন। সে যাহা হউক, জ্ঞান যেরূপ শ্রেষ্ঠ, যজ্ঞ সেরূপ শ্রেষ্ঠ নহে। সুতরাং মানুষ জ্ঞানের বলে জন্ম ও মৃত্যু অতিক্রম করিতে পারে, কিন্তু যজ্ঞদ্বারা নহে ॥১০৯॥

রাজা! জ্ঞানীরা ভৌতিক জন্ম ও মৃত্যুকে দুর্গ বলেন। সুতরাং মানুষ সেই যজ্ঞ, তপস্যা ও ব্রতদ্বারা সেই ভৌতিক মরণের পর স্বর্গে যাইয়া আবার পুণ্য ক্ষয় হইলে পর ভূতলে পতিত হইয়া থাকে ॥১১০॥

যদ্বুপনিষদমুপাকরোত্তথাসৌ জনকনৃপস্য পুরা হি যাজ্ঞবল্ক্যঃ।
যদুপগণিতশাশ্বতাব্যয়ং তচ্ছুভমমৃতত্বমশোকমর্চ্ছতি ॥১১২॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে যাজ্ঞবল্ক্যজনকসংবাদে অষ্টাধিকত্রিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:০:—

নবাধিকত্রিশততমোঽধ্যায়ঃ।

—:০:—

যুধিষ্ঠির উবাচ।
ঐশ্বর্য্যং বা মহৎ প্রাপ্য ধনং বা ভরতর্ষভ ! ।
দীর্ঘমায়ুরবাপ্যাথ কথং মৃত্যুমতিক্রমেৎ ॥১॥

ভারতকৌমুদী

যদিতি। অসৌ যাজ্ঞবল্ক্যঃ, পুরা জনকস্য সমীপে, যৎ উপনিষদম্ উপনিষৎস্বরূপসাংখ্যযোগপ্রতিপাদ্যম্ ব্রহ্ম উপাকরোৎ, উপকারজ্ঞানেন আবিরকরোৎ। যচ্চ উপগণিতং তুরীয়ত্বেন নিরূপিতম্, শাশ্বতং সনাতনম্, অব্যয়ং হ্রাসবৃদ্ধিহীনঞ্চ ব্রহ্ম ; শুভম্ অমৃতত্বম্, স্বার্থে ত্বপ্রত্যয়াৎ নিত্যমুক্তম্ অশোকঞ্চ তদ্ব্রহ্ম, অর্চ্ছতি মানুষো জ্ঞানেন লভতে ॥১১২॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে অষ্টাধিকত্রিশততমোঽধ্যায়ঃ॥০॥

ভারতভাবদীপঃ

যদ্‌যদুপাস্তে তত্তত্তাদাত্ম্যং প্রাপ্নোতীত্যাহ—লভত ইত্যাদিনা। ব্যক্তং স্পষ্টম্ আপরোক্ষ্যেণেত্যর্থঃ ॥১০৬॥ শেষং স্পষ্টার্থম্ ॥১০৭—১১২॥

ইতি শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টাধিকত্রিশততমোঽধ্যায়ঃ ॥৩০৮॥

অতএব রাজা! সর্ব্বশ্রেষ্ঠ, সর্ব্বাপেক্ষা বৃহৎ, শুভ্র, মঙ্গলময়, নিত্যমুক্ত, রাগদ্বেষাদিশূন্য ও পবিত্রতাজনক সেই পরব্রহ্মের তুমি উপাসনা কর। তাঁহাকে জানিয়া এবং সেই জ্ঞানযজ্ঞ করিয়া তুমিও ঋষি হইতে পারিবে ॥১১১॥

পূর্ব্বকালে মহর্ষি যাজ্ঞবল্ক্য জনকরাজার নিকটে উপনিষদের তুল্য প্রমাণ সাংখ্য ও যোগশাস্ত্রপ্রতিপাদ্য যে ব্রহ্মকে প্রকাশ করিয়াছিলেন এবং যে ব্রহ্ম তুরীয়, সনাতন ও হ্রাসবৃদ্ধিবিহীন, মানুষ জ্ঞানের বলে সেই মঙ্গলময়, নিত্যমুক্ত ও শোকশূন্য ব্রহ্মকে লাভ করিতে পারে' ॥১১২॥

---

(১১২) যদুপগণিতং—পি বঙ্গ বর্দ্ধ। * '…অষ্টাদশাধিকত্রিশততমোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধমি।

তপসা বা সুমহতা কর্ম্মণা বা শ্রুতেন বা।
রসায়নপ্রয়োগৈর্ব্বা কৈর্নাপ্নোতি জরান্তকৌ ॥২॥

ভীষ্ম উবাচ।

অত্রাপ্যুদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্।
ভিক্ষোঃ পঞ্চশিখস্যেহ সংবাদং জনকস্য চ ॥৩॥
বৈদেহো জনকো রাজা মহর্ষিং বেদবিত্তমম্।
পর্য্যপৃচ্ছৎ পঞ্চশিখং ছিন্নধর্ম্মার্থসংশয়ম্ ॥৪॥
কেন বৃত্তেন ভগবন্! অতিক্রামেজ্জরান্তকৌ।
তপসা বাথবা বুদ্ধ্যা কর্ম্মণা বা শ্রুতেন বা ॥৫॥
এবমুক্তঃ স বৈদেহং প্রত্যুবাচাপরোক্ষবিৎ।
নিবৃত্তির্ন তয়োরস্তি নানিবৃত্তিঃ কথঞ্চন ॥৬॥

ভারতকৌমুদী

ঐশ্বর্য্যমিতি। ঐশ্বর্য্যং প্রভুত্বম্। অতিক্রমেদিতি দীর্ঘাভাব আর্ষঃ ॥১॥

তপসেতি। কর্ম্মণা যজ্ঞাদিনা, শ্রুতেন শাস্ত্রাধ্যয়নেন। রসায়নপ্রয়োগৈ ঔষধবিশেষসেবনৈঃ, জরান্তকৌ জীর্ণতাযমৌ ॥২॥

অত্রেতি। ভিক্ষোঃ সন্ন্যাসিনঃ, পঞ্চশিখস্য তদাখ্যস্য ॥৩॥

বৈদেহ ইতি। ছিন্নো গুরুবেদান্তবাক্যাদিনা নাশিতো ধর্ম্মার্থয়োঃ সংশয়ো যেন তম্ ॥৪॥

কেনেতি। বৃত্তেন ব্যবহারেণ ॥৫॥

এবমিতি। বৈদেহেন এবমুক্তঃ, অপরোক্ষবিৎ অতীন্দ্রিয়াণামপ্যভিজ্ঞঃ স পঞ্চশিখঃ বৈদেহং প্রত্যুবাচ। কিং প্রত্যুবাচেত্যাহ নিবৃত্তিরিতি। অজ্ঞানিনাং তয়োর্জন্মমরণয়োর্নিবৃত্তির্নাস্তি; তথা কথঞ্চন অনিবৃত্তিরপি নাস্তি। জ্ঞানাত্তু, নিবৃত্তির্ভবত্যপি ন পুনরৈশ্বর্য্যাদিনেতি ভাবঃ ॥৬॥

যুধিষ্ঠির বলিলেন—"ভরতশ্রেষ্ঠ পিতামহ! বিশেষ প্রভুত্ব, প্রচুর ধন কিংবা দীর্ঘ আয়ু লাভ করিয়া, মানুষ কি প্রকারে মৃত্যুকে অতিক্রম করিতে পারে? ॥১॥

গুরুতর তপস্যা, বিশাল কর্ম্ম, বিশেষ শাস্ত্রাধ্যয়ন কিংবা রসায়ন সেবন ইহার কোন্ কোন্‌টা দ্বারা মানুষ জরা ও যমকে নিবারণ করিতে পারে?" ॥২॥

ভীষ্ম বলিলেন—'এই বিষয়েও মনস্বীরা সন্ন্যাসী পঞ্চশিখ ও রাজা জনকের সংবাদরূপ প্রাচীন বৃত্তান্তের উল্লেখ করিয়া থাকেন ॥৩॥

একদা বিদেহাধিপতি জনকরাজা বেদজ্ঞশ্রেষ্ঠ ও ধর্ম্মার্থসংশয়শূন্য মহর্ষি পঞ্চশিখের নিকট জিজ্ঞাসা করিয়াছিলেন—॥৪॥

'ভগবন্! তপস্যা, বুদ্ধি, কর্ম্ম ও শাস্ত্রজ্ঞান—ইহার কোন্‌টা দ্বারা জরা ও যমকে অতিক্রম করা যায়' ॥৫॥

ন হ্যহানি নিবর্ত্তন্তে ন মাসা ন পুনঃ ক্ষপাঃ।
সোঽয়ং প্রপদ্যতেঽধ্বানং চিরায় ধ্রুবমধ্রুবঃ ॥৭॥
সর্ব্বভূতসমুচ্ছেদঃ স্রোতসেবোহ্যতে সদা।
উহ্যমানং নিমজ্জন্তমপ্লবে কালসাগরে ॥৮॥
জরামৃত্যুমহাগ্রাহে ন কশ্চিদতিবর্ত্ততে।
নৈবাস্য কশ্চিদ্ভবতি নাসৌ ভবতি কস্যচিৎ ॥৯॥
পথি সঙ্গতমেবেদং দারৈরন্যৈশ্চ বন্ধুভিঃ।
নায়মত্যন্তসংবাসো লব্ধপূর্ব্বো হি কেনচিৎ ॥১০॥

ভারতকৌমুদী

নেতি। আহানি দিবসাঃ। ক্ষপা রাত্রয়ঃ। অধ্রুবঃ অনিত্যঃ, সোঽয়ং মানুষঃ চিরায় ধ্রুবম্ অধ্বানং নিত্যং পন্থানং প্রপদ্যতে জ্ঞানেন লভতে ॥৭॥

সর্ব্বেতি। কালে সর্ব্বেষামেব ভূতানাং সমুচ্ছেদো নাশো ভবেৎ; স চ সর্ব্বভূতসমূহঃ সদা স্রোতসেব কালেনোহ্যতে। ইত্থঞ্চ উহ্যমানং তং ভূতসমূহম্, অপ্লবে তরণীশূন্যে কালসাগরে নিমজ্জন্তম্ লক্ষয়াম ইতি শেষঃ ॥৮॥

জরেতি। জরামৃত্যু এব মহান্তৌ গ্রাহৌ জলজন্তূ যত্র তস্মিন্ কালসাগরে, প্লবমানঃ কশ্চিদপি নাতিবর্ত্ততে জ্ঞানাভাবে জরামৃত্যু নাতিক্রামতি। অস্য প্রাণিনঃ, কশ্চিদপি সহায়ো ন ভবতি, অসৌ প্রাণ্যপি কস্যচিৎ সহায়ো ন ভবতি ॥৯॥

পথীতি। অত্রৈবশব্দ ইবার্থে। তথা চ পথি কেনচিৎ সহ কস্যচিৎ সঙ্গতং মেলনম্ ইব, দারৈরন্যৈর্ব্বন্ধুভিশ্চ সহ, কিয়ন্তং দিবসং যাবৎ ইদং সঙ্গতং মেলনং ভবতি। কেনচিদপি জনেন দারাদিভিঃ সহ অয়ম্ অত্যন্তসংবাসো ন লব্ধপূর্ব্বঃ ॥১০॥

জনকরাজা এইরূপ বলিলে, অতীন্দ্রিয়াভিজ্ঞ পঞ্চশিখ তাঁহাকে বলিলেন— 'জন্ম ও মৃত্যুর নিবৃত্তি হয় না; আবার কোন প্রকারেও যে তাহার নিবৃত্তি হয় না, এমনও নহে ॥৬॥

দিন, রাত্রি ও মাসপ্রভৃতি ফিরিয়া আসে না। তবে মানুষ অনিত্য হইয়াও বহুকালের পর নিত্যপথ অবলম্বন করিতে পারে ॥৭॥

কালে সর্ব্বভূতেরই উচ্ছেদ হয়, স্রোতের ন্যায় সেই কাল সর্ব্বদাই প্রাণিগণকে বহন করিয়া লইয়া চলিয়াছে; তাহার মধ্যে কোন মানুষ সেই তরণীশূন্য কাল-সাগরে ভাসিতে থাকিয়া নিমগ্ন হইয়া যায়, ইহা আমরা দেখিতে পাই ॥৮॥

এই কালসাগরে জরা ও মৃত্যু ভীষণ জলজন্তু; সুতরাং কেহই তাহাদিগকে অতিক্রম করিতে পারে না। তা'র পর, কেহই কাহারও আত্মীয় হয় না, আবার সেও কাহারও আত্মীয় হইতে পারে না ॥৯॥

ক্ষিপ্যন্তে তেন তেনৈব নিষ্টনন্তঃ পুনঃ পুনঃ।
কালেন জাতা যাতা হি বায়ুনেবাভ্রসঞ্চয়াঃ ॥১১॥
জরামৃত্যু হি ভূতানাং খাদিতারৌ বৃকাবিব।
বলিনাং দুর্ব্বলানাঞ্চ হ্রস্বানাং মহতামপি ॥১২॥
এবংভূতেষু ভূতাত্মা নিত্যভূতোঽধ্রুবেষু চ।
কথং হি হৃষ্যেজ্জাতেষু মৃতেষু চ ন সংজ্বরেৎ ॥১৩॥
কুতোঽহমাগতঃ কোঽস্মি ক্ক গমিষ্যামি কস্য বা।
কস্মিন্ স্থিতঃ ক্ক ভবিতা কস্মাৎ কিমনুশোচসি ॥১৪॥

ভারতকৌমুদী

ক্ষিপ্যন্ত ইতি। কালেন জাতাঃ প্রাণিনঃ, পুনঃ পুনর্নিষ্টনন্তো রুদন্তঃ সন্তঃ, তেন তেন দারাদি-বন্ধুজনেন ক্ষিপ্যন্ত এব কালসাগরে নিক্ষিপ্য ত্যজ্যন্ত এব ; পরঞ্চ বায়ুনা অভ্রসঞ্চয়া মেঘসমূহা ইব যাতা লয়ং প্রাপ্তা ভবন্তি ॥১১॥

জরেতি। বৃকৌ ব্যাঘ্রবিশেষৌ। মহতাং দীর্ঘানাম্ ॥১২॥

এবমিতি। নিত্যভূতো ভূতাত্মা জীবাত্মা, অধ্রুবেষু অনিত্যেষু ভূতেষু প্রাণিষু এবং জরামৃত্যুবিষয়ঃ সন্, বর্ত্তত ইতি শেষঃ। অতএব মানুষঃ পুত্রাদিষু জাতেষু কথমপি ন হৃষ্যেৎ, মৃতেষু চ কথমপি ন সংজ্বরেৎ ন সন্তপেৎ ॥১৩॥

কুত ইতি। কিম্ অনুশোচসি, সর্ব্বৈরেব সম্বন্ধাভাবাৎ শোকো ন কার্য্য ইত্যাশয়ঃ ॥১৪॥

পথে যেমন এক পথিকের সহিত অপর পথিকের মিলন হয়, সেইরূপ এই সংসারে ভার্য্যা ও অন্যান্য বন্ধুদের সহিত মানুষের মিলন হইয়া থাকে। কিন্তু কোন মানুষই দীর্ঘকাল বন্ধুগণের সহবাস লাভ করে নাই ॥১০॥

প্রাণিগণ কালক্রমে জন্মগ্রহণ করে ; তাহার পর তাহাদিগকে রোদনব্যাপৃত অবস্থায় সেই সেই বন্ধু পরিত্যাগ করিয়া চলিয়া যায় ; সুতরাং মেঘসমূহ যেমন বায়ুবেগে লয় পায়, তেমন প্রাণিগণও কালপ্রভাবে লয় পাইয়া থাকে' ॥১১॥

প্রাণিগণ বালবান্ই হউক বা দুর্ব্বলই হউক কিংবা খর্ব্বই হউক বা দীর্ঘই হউক, ব্যাঘ্র যেমন ক্ষুদ্র জন্তুকে গ্রাস করে, তেমন জন্ম ও মৃত্যু প্রাণিগণকে অবলম্বন করিবেই ॥১২॥

এইরূপ অনিত্য প্রাণিগণে নিত্য জীবাত্মা রহিয়াছেন। (সুতরাং জন্ম ও মৃত্যু দেহেরই ধর্ম্ম)। অতএব মানুষ পুত্রপ্রভৃতি জন্মিলেও কোন প্রকারেই আনন্দিত হইবে না, আবার মরিলেও অনুতাপ করিবে না ॥১৩॥

আমি কোথা হইতে আসিলাম, কোথায় যাইব, আমি কে, কাহারই বা আমি,

দ্রষ্টা স্বর্গস্য কোঽন্যোঽস্তি তথৈব নরকস্য চ।
আগমাংস্ত্বনতিক্রম্য দদ্যাচ্চৈব যজেত চ ॥১৫॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে পঞ্চশিখজনকসংবাদে নবাধিকত্রিশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:০:—

দশাধিকত্রিশততমোঽধ্যায়ঃ।

—::—

যুধিষ্ঠির উবাচ।
অপরিত্যজ্য গার্হস্থ্যং কুরুরাজর্ষিসত্তম।।
কঃ প্রাপ্তো ভূপতিঃ সিদ্ধিং মোক্ষতত্ত্বং বদস্ব মে।১॥

ভারতকৌমুদী

দ্রষ্টেতি। অন্যো ভূতাদ্‌ভিন্নঃ, কঃ পদার্থঃ। আগমান্ শাস্ত্রাণি ॥১৫॥

ইতি মহামহোপাধ্যায়-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে নবাধিকত্রিশততমোঽধ্যায়ঃ ॥০॥

—:০:—

অপরীতি। হে কুরুরাজর্ষিসত্তম! পিতামহ! কো ভূপতিঃ, গার্হস্থ্যম্ অপরিত্যজ্যাপি, মোক্ষ-তত্ত্বং তদ্রূপাং সিদ্ধিম্, প্রাপ্ত ইতি মে বদস্ব ॥১॥

ভারতভাবদীপঃ

সমাপ্তা শ্রুতিযুক্তিপ্রধানা ব্রহ্মবিদ্যা অথ সাধনপ্রধানাং বক্তুমুপক্রমতে—ঐশ্বর্য্যং বা মহৎ প্রাপ্যেত্যাদিনা। স্বধর্ম্মাচরণপূর্ব্বকং নিবৃত্তিমার্গনিষ্ঠো জরান্তকাবতিক্রামতি নান্যথেত্যধ্যায়তাৎ-পর্য্যম্ ॥১—১৫॥

ইতি শান্তিপর্ব্বণি মোক্ষধর্ম্মে নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে নবাধিকত্রিশততমোঽধ্যায়ঃ ॥৩০৯॥

কোথায় আছি এবং কোথায় জন্মিব, ইহার কিছুই স্থিরতা নাই। সুতরাং তুমি কি নিমিত্ত কাহার শোক করিতেছ ? ॥১৪॥

মানুষ ভিন্ন অন্য কোন্ প্রাণীর স্বর্গদর্শন বা নরকদর্শন হইতে পারে ?। সে যাহা হউক, মানুষ শাস্ত্র অতিক্রম না করিয়া, দান ও যাগ করিতে থাকিবে' ॥১৫॥

যুধিষ্ঠির বলিলেন—'কুরুরাজর্ষিশ্রেষ্ঠ! কোন্ রাজা গৃহস্থধর্ম্ম পরিত্যাগ না করিয়াও মোক্ষরূপ সিদ্ধিলাভ করিয়াছিলেন, তাহা আপনি আমার নিকট বলুন ॥১॥

(১৫) দ্রষ্টা স্বর্গস্য ন হ্যস্তি—নি।

* '...একোনবিংশত্যধিকত্রিশততমোঽধ্যায়ঃ' বর্দ্ধ বঙ্গ, '...চতুর্ব্বিংশত্যধিকত্রিশতত-মোঽধ্যায়ঃ' নি।

সংস্মৃতে যথাত্মায়ং ব্যক্তস্তাত্মা যথা চ যৎ।
পরং মোক্ষস্য যচ্চাপি তন্মে ব্রূহি পিতামহ ! ॥২॥

ভীষ্ম উবাচ।

অত্রাপ্যুদাহরন্তীমমিতিহাসং পুরাতনম্।
জনকস্য চ সংবাদং সুলভায়াশ্চ ভারত ! ॥৩॥
সন্ন্যাসফলিকঃ কশ্চিদ্বভূব নৃপতিঃ পুরা।
মৈথিলো জনকো নাম ধর্ম্মধ্বজ ইতি শ্রুতঃ ॥৪॥
স বেদে মোক্ষশাস্ত্রে চ স্বে চ শাস্ত্রে কৃতশ্রমঃ।
ইন্দ্রিয়াণি সমাধায় শশাস বসুধামিমাম্ ॥৫॥

ভারতকৌমুদী

সমিতি। যথা অয়ম্ আত্মা স্থূলদেহঃ, সংস্মৃতে মানুষেণ পরিত্যজ্যতে, যথা চ ব্যক্তস্য স্থূলদেহস্য আত্মা লিঙ্গদেহঃ যৎ সংস্মৃতে পরিত্যজ্যতে যচ্চাপি মোক্ষস্য পরং তত্ত্বং তন্মে ব্রূহি ॥২॥

অত্রেতি। সুলভায়াস্তদাখ্যায়াঃ কস্যাশ্চিৎ স্ত্রিয়াঃ ॥৩॥

সন্ন্যাসেতি। সন্ন্যাসফলমৌদাসীন্যমস্যাস্তীতি সন্ন্যাসফলিকঃ, ইন্‌বিষয়ে ইকো বাচ্যঃ ॥৪॥

স ইতি। মোক্ষশাস্ত্রে সাংখ্যাদৌ, স্বে স্বকীয়ে শাস্ত্রে দণ্ডনীতৌ ॥৫॥

ভারতভাবদীপঃ

ইদানীং গার্হস্থ্যেঽপি নিবৃত্তিনিষ্ঠা মুক্তিবীজভূতা সম্ভবতীতি দর্শয়িতুং সুলভাজনকসংবাদ আরভ্যতে—অপরিত্যজ্যেতি। বুদ্ধ্যা বুদ্ধেঃ, বিনীয়তে নীয়তেঽস্মিন্নিতি বিনয়ো লয়স্থানং মোক্ষতত্ত্বম্ ॥১॥ আত্মা লিঙ্গদেহঃ, ব্যক্তস্য স্থূলদেহস্য আত্মা স্বরূপং দেহদ্বয়ং যথা ত্যজ্যতে যচ্চ মোক্ষস্য পরং তত্ত্বং তদ্বদিত্যর্থঃ ॥২—৩॥ সন্ন্যাসফলং সম্যগ্‌দর্শনং তদস্যাস্তীতি সন্ন্যাসফলিকঃ ॥৪॥ স্বে

আর পিতামহ ! এই স্থূলদেহ ও লিঙ্গদেহ যে প্রকারে ত্যাগ করা যায় এবং মোক্ষের যাহা পরমতত্ত্ব, তাহা আপনি আমার নিকট বলুন ॥২॥

ভীষ্ম বলিলেন—"ভরতনন্দন ! এই বিষয়েও মনস্বীরা জনক ও সুলভার সংবাদরূপ প্রাচীন বৃত্তান্তের উল্লেখ করিয়া থাকেন ॥৩॥

পূর্ব্বকালে ধর্ম্মধ্বজনামে জনকবংশীয় কোন রাজা মিথিলারাজ্যে বাস করিতেন ; তিনি গৃহস্থ হইয়াও সন্ন্যাসের ফল লাভ করিয়াছিলেন ॥৪॥

সেই ধর্ম্মধ্বজ বেদে, মোক্ষশাস্ত্রে এবং স্বকীয় দণ্ডনীতিশাস্ত্রে পরিশ্রম করিয়াছিলেন এবং তিনি ইন্দ্রিয়গণকে সংযত রাখিয়া, এই পৃথিবী শাসন করিতেন ॥৫॥

(১) অত্র পুস্তকভেদ এব পাঠভেদঃ।

তস্য বেদবিদঃ প্রাজ্ঞাঃ শ্রুত্বা তাং সাধুবৃত্ততাম্ ।
লোকেষু স্পৃহয়ন্ত্যন্যে পুরুষাঃ পুরুষেশ্বরম্ ॥৬॥
অথ ধর্ম্মযুগে তস্মিন্ যোগধর্ম্মমনুষ্ঠিতা ।
মহীমনুচচারৈকা সুলভা নাম ভিক্ষুকী ॥৭॥
তয়া জগদিদং কৃৎস্নমটন্ত্যা মিথিলেশ্বরঃ ।
তত্র তত্র শ্রুতো মোক্ষে কথ্যমানস্ত্রিদণ্ডিভিঃ ॥৮॥
সাতিসূক্ষ্মাং কথাং শ্রুত্বা তথ্যং নেতি সসংশয়া ।
দর্শনে জাতসঙ্কল্পা জনকস্য বভূব হ ॥৯॥
তত্র সা বিপ্রহায়াথ পূর্ব্বরূপং হি যোগতঃ ।
অবিভ্রদনবদ্যাঙ্গী রূপমন্যদনুত্তমম্ ॥১০॥

ভারতকৌমুদী

তস্যেতি। সাধুবৃত্ততাং সাধুব্যবহারম্ । পুরুষেশ্বরং তং জনকম্ ॥৬॥

অথেতি। ধর্ম্মযুগে সত্যযুগে । অনু লক্ষ্যীকৃত্য স্থিতা ॥৭॥

তয়েতি। ত্রিদণ্ডিভিঃ সন্ন্যাসিভিঃ,মোক্ষে বিষয়ে পরস্পরং কথ্যমানঃ স মিথিলেশ্বরঃ শ্রুতঃ ॥৮॥

সেতি। সা ভিক্ষুকী, অতিসূক্ষ্মাম্ অতিসূক্ষ্মব্রহ্মবিষয়াম্, তথ্যং তত্ত্বচনং সত্যং নবেতি সসংশয়া ॥৯॥

ভারতভাবদীপঃ

শাস্ত্রে দণ্ডনীতৌ ॥৫॥ তস্য সাধুবৃত্ততাং শ্রুত্বা তাং স্পৃহয়ন্তীতি সম্বন্ধঃ ॥৬॥ ধর্ম্মযুগে সত্যযুগে অনুষ্ঠিতা, কর্ত্তরি ক্তঃ। ভিক্ষুকীত্যনেন স্ত্রীণামপি প্রাগ্ বিবাহাদ্বৈধব্যাদূর্দ্ধং বা সন্ন্যাসে অধিকারো২স্তীতি দর্শিতম্ ; তেন ভিক্ষাচর্য্যং মোক্ষশাস্ত্রশ্রবণমেকান্তে আত্মধ্যানঞ্চ তাভিরপি কর্ত্তব্যম্,

প্রাজ্ঞ লোকেরা সেই বেদবিৎ জনকরাজার সাধুতা শ্রবণ করিয়া, তাঁহার প্রতি স্পৃহা করিতেন ॥৬॥

পরে সেই সত্যযুগে সুলভানাম্নী এক সন্ন্যাসিনী যোগধর্ম্মের অনুষ্ঠান করিতে থাকিয়া, পৃথিবী বিচরণ করিতেছিলেন ॥৭॥

সেই সুলভা এই সমগ্র জগতে বিচরণ করিতে থাকিয়া, সেই সেই স্থানে সন্ন্যাসিগণ-কথিত জনকরাজার মোক্ষবিষয়ের জ্ঞান শুনিতে লাগিলেন ॥৮॥

সুলভা অতিসূক্ষ্ম পরব্রহ্মের কথা শুনিয়া, এই ঘটনা সত্য কিনা—এইরূপ, সংশয়াপন্ন হইলেন। ক্রমে তিনি জনকরাজাকে দর্শন করিবেন বলিয়া সঙ্কল্প করিলেন ॥৯॥

(৬) পুরুষাঃ পুরুষেশ্বর !—বঙ্গ বর্দ্ধ।

চক্ষুর্নিমেষমাত্রেণ লঘ্বস্ত্রগতিগামিনী।
বিদেহানাং পুরীং সুভ্রূর্জগাম কমলেক্ষণা ॥১১॥
সা প্রাপ্য মিথিলাং রম্যাং সমৃদ্ধজনসঙ্কুলাম্।
ভৈক্ষ্যচর্য্যাপদেশেন দদর্শ মিথিলেশ্বরম্ ॥১২॥
রাজা তস্যাঃ পরং দৃষ্ট্বা সৌকুমার্য্যং পুনস্তদা।
কেয়ং কস্য কুতো বেতি বভূবাগতবিস্ময়ঃ ॥১৩॥
ততোঽস্যাঃ স্বাগতং কৃত্বা ব্যাদিশ্য চ বরাসনম্।
পূজিতাং পাদশৌচেন বরান্নেনাপ্যতর্পয়ৎ ॥১৪॥
অথ ভুক্তবতী প্রীত্যা রাজানং মন্ত্রিভির্বৃতম্।
সর্ব্বভাষ্যবিদাং মধ্যে চোদয়ামাস ভিক্ষুকী ॥১৫॥

ভারতকৌমুদী

তত্রেতি। সা ভিক্ষুকী, যোগতো যোগবলেন, পূর্ব্বরূপং বিপ্রহায় পরিত্যজ্য ॥১০॥
চক্ষুরিতি। লঘ্বস্ত্রাণাং বাণাদীনামিব গত্যা গচ্ছতীতি লঘ্বস্ত্রগতিগামিনী ॥১১॥
সেতি। ভৈক্ষ্যচর্য্যাপদেশেন ভিক্ষাচ্ছলেন ॥১২॥
রাজেতি। সৌকুমার্য্যং কোমলতাম্। কস্য ভার্য্যা কন্যা বা কুতো বা আগতেতি শেষঃ ॥১৩॥
তত ইতি। ব্যাদিশ্য নির্দ্দিশ্য। পাদশৌচেন পাদপ্রক্ষালনেন ॥১৪॥
অথেতি। সর্ব্বাণি ভাষ্যাণি সূত্রবিবরণগ্রন্থান্ বিদন্তীতি তেষাম্ ॥১৫॥

তখন সুলভা যোগবলে পূর্ব্বের রূপ পরিত্যাগ করিয়া অনিন্দ্যগাত্রী হইয়া অত্যুত্তম রূপ ধারণ করিলেন ॥১০॥

সুন্দর ভ্রূযুগলা, পদ্মনয়না এবং ভারশূন্য অস্ত্রের ন্যায় দ্রুতগামিনী সুলভা চক্ষুর নিমেষমাত্রে বিদেহরাজধানী মিথিলায় গমন করিলেন ॥১১॥

ক্রমে সুলভা মনোহরা ও সম্পন্নজনে পরিপূর্ণা মিথিলা রাজধানীতে উপস্থিত হইয়া, ভিক্ষার ছলে জনকের সহিত সাক্ষাৎ করিলেন ॥১২॥

তখন জনকরাজা সুলভার পরম সৌন্দর্য্য দর্শন করিয়া 'ইনি কে, কোথা হইতেই বা আসিয়াছেন, কাহারই কন্যা বা ভার্য্যা' ইহা ভাবিয়া বিস্ময়াপন্ন হইলেন ॥১৩॥

তদনন্তর জনকরাজা সুলভার নিকটে স্বাগতপ্রশ্ন করিয়া, উত্তম আসনে বসিবার ইঙ্গিত দেখাইয়া, পাদপ্রক্ষালনে সম্মানিত করিয়া, উত্তম অন্নদ্বারা তাঁহার তৃপ্তি করাইলেন ॥১৪॥

(১২) প্রভূতজনসঙ্কুলাম্—বঙ্গ বর্দ্ধ। (১৩) বপুস্তদা—বঙ্গ বর্দ্ধ।

সুলভা ত্বস্য ধর্ম্মেষু মুক্তো নেতি সসংশয়া।
সত্ত্বং সত্ত্বেন যোগজ্ঞা প্রবিবেশ মহীপতেঃ ॥১৬॥
নেত্রাভ্যাং নেত্রয়োরস্য রশ্মীন্ সংযম্য রশ্মিভিঃ।
সা স্ম তং চোদয়িষ্যন্তী যোগবন্ধৈর্ববন্ধ হ ॥১৭॥

ভারতকৌমুদী

সুলভেতি। যোগজ্ঞা সুলভা তু ধর্ম্মেষু যোগাচারেষু অনুষ্ঠিতেষু সৎসু, অয়ং রাজা, মুক্তো জীবন্মুক্তিং প্রাপ্তো ন নবেতি অস্য জনকস্য সম্বন্ধে সসংশয়া সতী, সত্ত্বেন আত্মনো বুদ্ধ্যা, মহীপতের্জনকস্য, সত্ত্বং বুদ্ধিম্, প্রবিবেশ তস্য পরীক্ষণায় ॥১৬॥

প্রবেশমার্গমাহ নেত্রাভ্যামিতি। সা সুলভা, চোদয়িষ্যন্তী রাজানং প্রক্ষ্যন্তী সতী, আত্মনো নেত্রাভ্যাম্, তয়োশ্চ রশ্মিভিঃ রজ্জুভিরিব কিরণৈঃ, অস্য জনকস্য, নেত্রয়ো রশ্মীন্ রজ্জুরিব কিরণান্ সংযম্য বদ্ধা, যোগবন্ধৈঃ, তং জনকম্ ববন্ধ ॥১৭॥

ভারতভাবদীপঃ

ত্রিদণ্ডাদিকঞ্চ ধার্য্যম্ ॥৭॥ মোক্ষে মোক্ষশাস্ত্রে নিষ্ণাত ইতি শেষঃ ॥৮॥ ন্বিতি ন বেতি ॥৯—১০॥ লঘু শীঘ্রমস্থ্রগত্যা গচ্ছতীতি সা ॥১১—১২॥ সৌকুমার্য্যং সৌন্দর্য্যম্ ॥১৩—১৪॥ ভাষ্যবিদাং সূত্রার্থজ্ঞানাং মধ্যে ॥১৫॥ অস্য এনং জনকং ধর্ম্মেষু মোক্ষধর্ম্মেষু বিষয়েষু অজ্ঞাননাদৃত্য চোদয়ামাস পৃষ্টবতী। অয়ং মুক্তো নেতি নবেতি সসংশয়া, সত্ত্বমিতি স্বস্য যোগৈশ্বর্য্যখ্যাপনার্থং জনকস্য সত্ত্বং বুদ্ধিং সত্ত্বেন স্বয়া বুদ্ধ্যা প্রবিবেশ ॥১৬॥ স্ববুদ্ধের্ব্বহিরস্বাতন্ত্র্যাৎ পরবুদ্ধেশ্চাপ্রত্যক্ষত্বাৎ কথং প্রবিবেশেত্যাশঙ্ক্যাহ—নেত্রাভ্যামিতি। বুদ্ধিসত্ত্বং "অন্নময়ং হি সৌম্য মন" ইতি শ্রুতের্ভৌতিকং দ্রব্যং রবিপ্রভাবৎ সূক্ষ্মং, তদ্‌যদা চক্ষুরাদিচ্ছিদ্রেভ্যো বহির্নির্গত্য ঘটাদিকং প্রকাশয়তি ঘটচ্ছিদ্র নির্গতপ্রদীপপ্রভাবত্তদা চক্ষুরিন্দ্রিয়মিত্যুচ্যতে। তত্রৈকস্মিন্ দেশে যুগপৎপ্রদীপয়োরিব বুদ্ধ্যোরংশবঃ সংসৃজ্যন্তে, তত্র যক্ষরাক্ষসাদয়ো বীরাঃ স্বীয়েন বুদ্ধ্যস্ত্রেণ সংসৃষ্টাং পরবুদ্ধিমভিভূয় তদীয়ৈর্দেহাদিভির্ব্ব্যবহরন্তীতি প্রসিদ্ধং লোকে। যদি তু দ্বাবপি যোগিবীরৌ বুদ্ধ্যস্ত্রপ্রয়োগসংহারাভিজ্ঞৌ তদাস্ত্রদ্বয়বদ্ধীদ্বয়ং মিথো নাভিভূয়তে তত একস্মিন্ দেহে দ্বয়োর্ব্বিবাদো ভবতি। সঙ্কোচয়ি-

তদনন্তর সুলভা ভোজন করিয়া, প্রীতিসহকারে মন্ত্রিগণে পরিবেষ্টিত ও শাস্ত্রজ্ঞগণের মধ্যে উপবিষ্ট জনকরাজার নিকট প্রশ্ন করিলেন ॥১৫॥

'যৌগিকনিয়মগুলির অনুষ্ঠান করায়, এই রাজা জীবন্মুক্ত হইয়াছেন কিনা' জনকরাজার বিষয়ে এইরূপ সন্দেহ করিয়া, যোগবলসম্পন্না সুলভা, আপন বুদ্ধিদ্বারা জনকরাজার বুদ্ধিমধ্যে প্রবেশ করিলেন ॥১৬॥

সুলভা জনকরাজার নিকটে প্রশ্ন করিবেন বলিয়া, আপন নয়নযুগলের কিরণদ্বারা জনকরাজার নয়নের কিরণগুলিকে বদ্ধ করিয়া, তাঁহাকে যোগবন্ধনে বদ্ধ করিলেন ॥১৭॥

(১৭) সংযোজ্য রশ্মিভিঃ—নি। সা স্ম সঙ্কোচয়িষ্যন্তী—পি বঙ্গ বর্দ্ধ।

জনকোঽপ্যুৎস্ময়ন্ রাজা ভাবমস্যা বিশেষয়ন্।
প্রতিজগ্রাহ ভাবেন ভাবমস্যা নৃপোত্তম! ॥১৮॥
তদেকস্মিন্নধিষ্ঠানে সংবাদঃ শ্রূয়তাময়ম্।
ছত্রাদিষু বিমুক্তস্য মুক্তায়াশ্চ ত্রিদণ্ডকৈঃ ॥১৯॥

জনক উবাচ।

ভগবত্যাঃ ক চর্য্যেয়ং কৃতা ক চ গমিষ্যসি।
কস্য চ ত্বং কুতো বেতি পপ্রচ্ছৈনাং মহীপতিঃ ॥২০॥

ভারতকৌমুদী

জনক ইতি। হে নৃপোত্তম! যুধিষ্ঠির! জনকো রাজাপি, উৎস্ময়ন্ স্থূলভায়াঃ শক্তিদর্শনেন বিস্ময়মানঃ সন্, অস্যাঃ স্থূলভায়াঃ, ভাবং চেষ্টাম্, বিশেষয়ন্ অতিক্রামন্, ভাবেন আত্মনোঽপি তাদৃশ্যৈব চেষ্টয়া, অস্যাঃ স্থূলভায়াঃ, ভাবং তাং চেষ্টাম্, প্রতিজগ্রাহ ॥১৮॥

তদিতি। তৎ তস্মাৎ উভাভ্যামেব উভয়োর্দেহে তথৈব প্রবেশাৎ, একস্মিন্ অধিষ্ঠানে দেহে স্থিতয়োরিতি শেষঃ, অয়ং সংবাদঃ পরস্পরালাপঃ, শ্রূয়তাম্। তাবুভৌ বিবৃণোতি ছত্রেতি ছত্রাদিষু রাজচ্ছত্রদণ্ডাদিষু, সৎস্বপি তৈর্ব্বিমুক্তস্য জনকস্য, ত্রিদণ্ডকৈঃ বৈল্বপালাশবৈণবৈঃ মুক্তায়া রহিতায়াঃ স্থূলভায়াশ্চ, অয়ং সংবাদঃ শ্রূয়তামিতি সম্বন্ধঃ ॥১৯॥

ভগেতি। ভগবত্যা মাহাত্ম্যবত্যা ভবত্যাঃ, ইয়ং চর্য্যা বিচরণম্, ক কস্মিন্ অর্থে কৃতা, ত্বঞ্চ ক গমিষ্যসি, ত্বঞ্চ কস্য সম্বন্ধিনী কন্যা বা ভার্য্যা, কুতো বা আগতেতি শেষঃ, ইতি মহীপতির্জনকঃ, এনাং স্থূলভাং পপ্রচ্ছ ॥২০॥

ভারতভাবদীপঃ

যান্তী প্রষ্টুমিচ্ছন্তী যোগবন্ধৈর্যোগবলেন চিত্তবন্ধৈর্ব্ববন্ধ বশীচকার ॥১৭॥ উৎস্ময়ন্ স্বস্যাজেয়ত্বাভিমানে গর্ব্বং কুর্ব্বন্, অস্যাঃ স্থূলভায়াঃ ভাবমাশয়মেনং মূকং করিষ্যামীত্যেবংরূপং বিশেষয়ন্নভিভবন্ ভাবেন ভাবং জগ্রাহ ॥১৮॥ তয়া সহ সমস্থৈনৈকস্মিন্ দেহে উবাস; অধিষ্ঠানে দেহে। ছত্রেতি উভাবপি স্থূলদেহোপস্কারং ত্যক্তবন্তাবিত্যর্থঃ ॥১৯॥ এতদাখ্যানতাৎপর্য্যং ত্বেকস্মিন্ গেহে ইব লিঙ্গদেহেঽপি দ্বয়োর্জীবয়োরবস্থানং ভবতি তেন স্থূলশঙ্ক-

রাজশ্রেষ্ঠ যুধিষ্ঠির! তখন জনকরাজাও স্থূলভার শক্তিদর্শনে বিস্ময়াপন্ন হইয়া এবং তাঁহার কার্য্য অতিক্রম করিবার ইচ্ছা করিয়া, আপন চেষ্টাদ্বারা স্থূলভার চেষ্টা স্বীকার করিলেন ॥১৮॥

সেইরূপ হওয়ায়, ছত্রদণ্ডাদিবিহীন জনকরাজা এবং ত্রিদণ্ডশূন্য স্থূলভা এক এক অধিষ্ঠানে অর্থাৎ এক এক দেহে অবস্থান করিতে লাগিলেন; যুধিষ্ঠির! তৎকালে তাঁহাদের যে পরস্পর আলাপ হইতেছিল, তাহা তুমি শ্রবণ কর ॥১৯॥

(১৯) ত্রিদণ্ডকে—পি বঙ্গ বৰ্দ্ধ।

শ্রুতে বয়সি জাতৌ চ সদ্ভাবো নাধিগম্যতে।
এষর্থেষূত্তরং তস্মাৎ প্রবেদ্যং মৎসমাগমে ॥২১॥
ছত্রাদিষু বিশেষেষু মুক্তং মাং বিদ্ধি তত্ত্বতঃ।
স ত্বাং সংবেত্তুমিচ্ছামি মানার্হা হি মতাসি মে ॥২২॥
যস্মাচ্চৈতন্ময়া প্রাপ্তং জ্ঞানং বৈশেষিকং পুরা।
যস্য নান্যঃ প্রবক্তাস্তি মোক্ষং তমপি মে শৃণু ॥২৩॥
পরাশরসগোত্রস্য বৃদ্ধস্য সুমহাত্মনঃ।
ভিক্ষোঃ পঞ্চশিখস্যাহং শিষ্যঃ পরমসম্মতঃ ॥২৪॥

ভারতকৌমুদী

শ্রুত ইতি। শ্রুতে কীদৃশে শাস্ত্রজ্ঞানে কস্মিন্ বয়সি, কস্যাং জাতৌ চ, তব সদ্ভাবো বিদ্যমানতা নাধিগম্যতে ময়া ন জ্ঞায়তে। তস্মাৎ মৎসমাগমে, এষু অর্থেষু বিষয়েষু, উত্তরং প্রবেদ্যম্ ত্বয়া ময়ি জ্ঞাপনীয়ম্ ॥২১॥

ছত্রেতি। ছত্রাদিষু ছত্রদণ্ডপ্রভৃতিষু, বিশেষেষু রাজচিহ্নেষু সৎস্বপি তৈর্মুক্তং রহিতম্, মাম্, তত্ত্বতো যাথার্থ্যেন বিদ্ধি। সোঽহম্, ত্বাম্, সংবেত্তুং সম্যগ্ জ্ঞাতুমিচ্ছামি। হি যস্মাৎ, ত্বং মে মানার্হা সম্মানযোগ্যা মতা ॥২২॥

যস্মাদিতি। বৈশেষিকং সর্ব্বেভ্যো বিশেষভূতম্। মোক্ষং জীবন্মুক্তিম্ ॥২৩॥

ভারতভাবদীপঃ

দেহৌ গৃহবজ্জীবস্থানাদ্যানা বিত্যুক্তম্। এবং সতি স্বস্থানভিভূতত্বং দর্শয়ন্ জনক উবাচ—ভগবত্যা ইতি ॥২০॥ পরকীয়ং শ্রুতাদিকমজ্ঞাতমতঃ পৃষ্টেন ত্বয়া বেদনীয়মিত্যর্থঃ ॥২১॥ রাজাপ্যহং রাজ্যান্মুক্তো-

---

জনক বলিলেন—দেবি! আপনি কি নিমিত্ত এই বিচরণ করিতেছেন, কোথায়ই বা যাইবেন এবং আপনি কাহার, কোথা হইতেই বা আসিলেন” এইরূপ জনকরাজা সুলভার নিকট প্রশ্ন করিলেন—॥২০॥

“সন্ন্যাসিনি! কীদৃশ শাস্ত্রজ্ঞানে, কোন্ বয়সে বা কি জাতিতে আপনি রহিয়াছেন, তাহা আমি জানি না। অতএব আমার এই সম্মেলনে, এই সকল বিষয়ে প্রকৃত উত্তর আমাকে আপনার জানাইতে হইবে ॥২১॥

আমি ছত্র ও দণ্ডপ্রভৃতি রাজচিহ্ন পরিত্যাগ করিয়াছি; এখন আপনি আমাকে যথাযথরূপে অবগত হউন; আবার আমিও আপনাকে সমীচীন ভাবে জানিতে ইচ্ছা করি। কারণ, আমি মনে করি, আপনি আমার সম্মানযোগ্যাই হইবেন ॥২২॥

আমি পূর্ব্বে যাঁহার নিকট হইতে এই শ্রেষ্ঠজ্ঞান লাভ করিয়াছি এবং যে মুক্তির বক্তা অন্য কেহ নাই, সেই উভয়ই আপনি আমার নিকট শ্রবণ করুন ॥২৩॥

---

(২২) স ত্বাং সংমন্তুমিচ্ছামি—পি বঙ্গ বর্দ্ধ।

সাংখ্যজ্ঞানে চ যোগে চ মহীপালবিধৌ তথা।
ত্রিবিধে মোক্ষধর্ম্মেঽস্মিন্ গতাধ্বা ছিন্নসংশয়ঃ ॥২৫॥
স যথাশাস্ত্রদৃষ্টেন মার্গেণেহ পরিভ্রমন্।
বার্ষিকাংশ্চতুরো মাসান্ পুরা ময়ি সুখোষিতঃ ॥২৬॥
তেনাহং সাংখ্যমুখ্যেন সুদৃষ্টার্থেন তত্ত্বতঃ।
শ্রাবিতস্ত্রিবিধং মোক্ষং ন চ রাজ্যাদ্বিচালিতঃ ॥২৭॥
সোঽহং তামখিলাং বৃত্তিং ত্রিবিধাং মোক্ষসংহিতাম্।
মুক্তরাগশ্চরাম্যেকঃ পদে পরমকে স্থিতঃ ॥২৮॥

ভারতকৌমুদী

কস্মাজ্জ্ঞানং প্রাপ্তমিত্যাহ পরেতি। পরমসম্মতঃ অতীব প্রিয়ঃ ॥২৪॥

সাংখ্যেতি। মহীপালবিধৌ রাজধর্ম্মে। অস্মিন্ ত্রিবিধে মোক্ষধর্ম্মে গতঃ পঞ্চশিখাদেব প্রাপ্তঃ অধ্বা জ্ঞানমার্গো যেন সঃ ॥২৫॥

স ইতি। সঃ পঞ্চশিখঃ, শাস্ত্রমনতিক্রম্য দৃষ্টো যথাশাস্ত্রদৃষ্টস্তেন, মার্গেণ নিয়মেন ইহজগতি পরিভ্রমন্, বার্ষিকান্ শ্রাবণাদীন্ বর্ষাসম্বন্ধিনঃ, চতুরো মাসান্, ময়ি মদ্ভবনে, পুরা সুখোষিত আসীৎ। "গ্রৈষ্মহৈমন্তিকান্ মাসান্ অষ্টৌ ভিক্ষুর্ব্বিচংক্রমেৎ। চতুরো বার্ষিকান্ মাসান্ বর্ষাস্বেকত্র সংবসেৎ॥" ইতি স্মৃতেঃ ॥২৬॥

তেনেতি। তেন পঞ্চশিখেন, তত্ত্বতো যাথার্থ্যেন, সুদৃষ্টঃ সম্যক্প্রত্যক্ষীকৃতঃ অর্থঃ সার্থক্যং যস্য তেন, সাংখ্যমুখ্যেন সাংখ্যদর্শনীয়প্রধানজ্ঞানেন, অহং প্রাগুক্তরূপং ত্রিবিধং মোক্ষং শ্রাবিতঃ কিন্তু রাজ্যাৎ ন বিচালিতো ন ভ্রংশিতঃ ॥২৭॥

ভারতভাবদীপঃ

হন্তীত্যাহ—ছত্রাদিষিতি। সম্যক্তুং সম্যক্ জ্ঞাতুম্ ॥২২॥ মোক্ষং মোক্ষহেতুম্ ॥২৩—২৪॥ সাংখ্যযোগবিধিশব্দৈঃ ক্রমেণ জ্ঞানোপাস্তিকর্ম্মকাণ্ডার্থা জ্ঞেয়াঃ। অয়মেব ত্রিবিধো মোক্ষধর্ম্মস্তত্র বিষয়ে

পরাশরের একগোত্র, বৃদ্ধ, অতিমহাত্মা ও সন্ন্যাসী পঞ্চশিখাচার্য্যের আমি পরমপ্রিয় শিষ্য ॥২৪॥

সাংখ্যজ্ঞান, যোগাচার ও রাজধর্ম্ম—এই ত্রিবিধ মোক্ষধর্ম্মেই আমি পঞ্চশিখাচার্য্যের নিকট হইতে জ্ঞানমার্গ লাভ করিয়াছি এবং সমস্ত সংশয় চ্ছেদ করিয়াছি ॥২৫॥

সেই পঞ্চশিখাচার্য্য শাস্ত্রদৃষ্টনিয়মে এই জগতে বিচরণ করিতে থাকিয়া, বর্ষাকালের চারিমাস পূর্ব্বে আমার গৃহে সুখে বাস করিতেন ॥২৬॥

তিনি যথাযথভাবে প্রত্যক্ষীকৃত প্রধান সাংখ্যজ্ঞান অনুসারে আমাকে ত্রিবিধ মুক্তি শ্রবণ করাইয়াছিলেন; কিন্তু রাজ্য হইতে ভ্রষ্ট করান নাই ॥২৭॥

বৈরাগ্যং পুনরেতস্য মোক্ষস্য পরমো বিধিঃ।
জ্ঞানাদেব চ বৈরাগ্যং জায়তে যেন মুচ্যতে ॥২৯॥
জ্ঞানেন কুরুতে যত্নং যত্নেন প্রাপ্যতে মহৎ।
মহদ্‌দ্বন্দ্বপ্রমোক্ষায় সা সিদ্ধির্যা বয়োতিগা ॥৩০॥

ভারতকৌমুদী

স ইতি। সোঽহম্ মুক্তস্ত্যক্তো রাগো বিষয়াসক্তির্যেন সঃ তাদৃশঃ সন্, মোক্ষসংহিতাং মুক্তিবিষয়াং তাম্, ত্রিবিধাম্ পঞ্চবিংশতিতত্ত্ববিষয়াম্ অষ্টাঙ্গাদিসমেতযোগবিষয়াম্ রাজ্যশাসনবিষয়াঞ্চ, বৃত্তিং ব্যাপারম্, চরামি ; অথ চ বৈরাগ্যাদেক এবাহম্, পরমকে পদে জ্ঞানে স্থিতশ্চাস্মি ॥২৮॥

বৈরাগ্যমিতি। বিধিরুপায়ঃ। যেন বৈরাগ্যেন ॥২৯॥

জ্ঞানেনেতি। জ্ঞানেন নিত্যানিত্যবোধেন মোক্ষায় যত্নং কুরুতে মানুষঃ, তেন চ যত্নেন মহৎ তত্ত্বজ্ঞানং প্রাপ্যতে ; তচ্চ মহৎ তত্ত্বজ্ঞানং দ্বন্দ্বপ্রমোক্ষায় সুখদুঃখাদিবিপরীতযুগলনাশায় ভবতি; তত্র চ যা বৃত্তির্বয়োতিগা সর্ব্ববয়োঽতিক্রামিনী মৃত্যুনিবারিণী, সৈব সিদ্ধিঃ ॥৩০॥

ভারতভাবদীপঃ

গতাধ্বা জ্ঞানমার্গঃ ॥২৫॥ ময়ি মম সমীপে ॥২৬—২৮॥ বৈরাগ্যমিতি যাভ্যাং বৈরাগ্যজ্ঞানযত্নানাং বাসিষ্ঠাদৌ বাসনাক্ষয়বিজ্ঞানমনোনাশশব্দিতানাং ত্রিদণ্ডবিষ্টম্ভবদন্যোন্যাশ্রয়েণ সিদ্ধিরুক্তা যথা—"তত্ত্বজ্ঞানং মনোনাশো বাসনাক্ষয় এব চ। মিথঃ কারণতাং গত্বা দুঃসাধ্যানি স্থিতানি হি। যাবদ্বিলীনং ন মনো ন তাবদ্বাসনাক্ষয়ঃ। ন ক্ষীণা বাসনা যাবচ্চিত্তং তাবন্ন শাম্যতি। যাবন্ন তত্ত্ববিজ্ঞানং তাবচ্চিত্তশমঃ কুতঃ। যাবন্ন চিত্তোপশমো ন তাবত্তত্ত্ববেদনম্। যাবন্ন বাসনানাশস্তাবত্তত্ত্বাগমঃ কুতঃ। যাবন্ন তত্ত্বসম্প্রাপ্তির্ন তাবদ্বাসনাক্ষয়ঃ। একৈকশো নিষেবন্তে যস্মাদেতে চিরমপ্যলম্। তত্র সিদ্ধিং প্রয়চ্ছন্তি মন্ত্রাঃ সঙ্কীর্ত্তিতা ইবে"তি। যথা ষড়ঙ্গমন্ত্রাণামেকৈকমন্ত্রাবৃত্ত্যা ন সিদ্ধিঃ কিন্তু সহিতানামাবৃত্ত্যা তদ্বদিত্যর্থঃ। মোক্ষস্য তৎসাধনস্য জ্ঞানস্য, বিধিরুপায়ঃ ॥২৯॥ যত্নং যোগাভ্যাসং মনোনাশহেতুং মহদাত্মজ্ঞানং তেন চ পরং বৈরাগ্যমিতি সা এষা ত্রয়াণাং সিদ্ধিনিষ্পত্তির্মহতাং দ্বন্দ্বানাং সুখদুঃখাদীনাং মোক্ষায়েতি জীবন্মুক্তিসুখায় বয়োঽতি-

---

সেই আমি বিষয়াসক্তি পরিত্যাগ করিয়া, মুক্তি বিষয়া ত্রিবিধা সমস্ত বৃত্তি সাধন করিতেছি এবং একাকী তত্ত্বজ্ঞানে রহিয়াছি ॥২৮॥

এই মুক্তির আবার বৈরাগ্যই প্রধান কারণ ; সে বৈরাগ্যও জ্ঞান হইতে উৎপন্ন হয়, যাহার ফলে মানুষ মুক্ত হইয়া থাকে ॥২৯॥

মানুষ জ্ঞানদ্বারা মুক্তির যত্ন উৎপাদন করে, যত্নদ্বারা তত্ত্বজ্ঞান লাভ করিয়া থাকে, সেই তত্ত্বজ্ঞান সুখদুঃখপ্রভৃতি দ্বন্দ্বমুক্তির হেতু হয় ; আর যে বৃত্তিটী সমস্ত বয়স অতিক্রম করে, অর্থাৎ মৃত্যু নিবারণ করিতে পারে, তাহার নামই সিদ্ধি ॥৩০॥

সেয়ং পরমিকা বুদ্ধেঃ প্রাপ্তা নির্দ্বন্দ্বতা ময়া।
ইহৈব গতমোহেন চরতা মুক্তসঙ্গিনা ॥৩১॥
যথা ক্ষেত্রং মৃদূভূতমদ্ভিরাপ্লাবিতং তথা।
জনয়ত্যঙ্কুরং কর্ম্ম নৃণাং তদ্বৎ পুনর্ভবম্ ॥৩২॥
যথা চোত্তাপিতং বীজং কপালে যত্র তত্র বা।
প্রাপ্যাপ্যঙ্কুরহেতুত্বমবীজত্বান্ন জায়তে ॥৩৩॥
তদ্বদ্ভগবতা তেন শিখাপ্রোক্তেন ভিক্ষুণা।
জ্ঞানং কৃতমবীজং মে বিষয়েষু ন জায়তে ॥৩৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

সেতি। মুক্তাস্ত্যক্তাঃ সঙ্গিনঃ সহচরা যেন তেন, গতমোহেন চ ময়া, ইহ গার্হস্থ্য এব, চরতা সতা, সেয়ং পরমিকা উত্তমা, বুদ্ধেঃ নির্দ্বন্দ্বতা সুখদুঃখাদিহীনতা প্রাপ্তা ॥৩১॥

যথেতি। মৃদূভূতং কর্ষণাতিরেকেণ কোমলীভূতং তথা অদ্ভির্জলৈরাপ্লাবিতঞ্চ, ক্ষেত্রং ভূমির্যথা, অঙ্কুরং জনয়তি; তদ্বৎ কর্ম্ম সৎ অসদ্বা কার্য্যম্, নৃণাম্, পুনর্ভবং পুনর্জন্ম জনয়তি ॥৩২॥

যথেতি। যত্র তত্র বা কপালে শরাবাদৌ, অগ্নিনা উত্তাপিতং ধান্যাদীনাং বীজম্, অঙ্কুর-হেতুত্বং প্রাপ্যাপি, অবীজত্বাৎ উত্তাপনেন অঙ্কুরাহেতুত্বাৎ বীজত্বনাশাদ্বা যথা ন জায়তে অঙ্কুরী-ভবতি; তদ্বৎ, ভগবতা তেন শিখয়া প্রোক্তং শিখাশব্দেনোচ্চারিতং নাম যস্য তেন পঞ্চশিখেন ভিক্ষুণা, অবীজং বিষয়াসক্তিকারণতাহীনম্, কৃতম্ মে জ্ঞানম্, বিষয়েষু স্রক্চন্দনবনিতাদিষু, ন জায়তে ন বর্ত্ততে ॥৩৩—৩৪॥

ভারতভাবদীপঃ

সেতি মৃত্যুজয়ায় ভবতীত্যুক্তম্ ॥৩০—৩১॥ ননু রাজ্যং কুর্ব্বতস্তব কথং মুক্তসঙ্গিতা সম্ভাবিতে-ত্যত আহ—যথেত্যাদিনা। সবীজত্বাদঙ্কুরং জনয়তীত্যধ্যাহৃত্য যোজ্যম্। তদ্বৎ কর্ম্ম জীব-স্থানীয়ম্ ॥৩২—৩৩॥ জ্ঞানং বুদ্ধিঃ অবীজং বাসনাবীজশূন্যং ন জায়তে ন প্রবর্ত্ততে। শিখাপদযুক্তং

আমার মোহ তিরোহিত হইয়াছে এবং আমি সমস্ত সংসর্গ ত্যাগ করিয়াছি; সুতরাং আমি এই গৃহস্থধর্ম্মে থাকিয়াই বুদ্ধির সেই সুখদুঃখাদি হীনতা প্রাপ্ত হইয়াছি ॥৩১॥

উত্তম কর্ষণ করিয়া যাহাকে কোমল করা হয় এবং জলসেক করিয়া যাহাকে সম্যক্ প্লাবিত করা হইয়া থাকে, সেই ক্ষেত্র যেমন অঙ্কুর উৎপাদন করে; তেমন সৎকর্ম্ম বা অসৎকর্ম্ম মানুষের পুনর্জন্ম উৎপাদন করিয়া থাকে ॥৩২॥

(৩১) সেয়ং পরমিকা সিদ্ধিঃ—নি, সেয়ং পরমিকা বুদ্ধিঃ বর্দ্ধ।
(৩৪) তদ্বদ্ভগবতানেন নি।

নাভিরজ্যতি কস্মিংশ্চিন্নানর্থে ন পরিগ্রহে।
নাভিরজ্যতি চৈতেষু ব্যর্থত্বাদ্রাগরোষয়োঃ ॥৩৫॥
যশ্চ মে দক্ষিণং বাহুং চন্দনেন সমুক্ষয়েৎ।
সব্যং বাস্যাপি যস্তক্ষেৎ সমাবেতাবুভৌ মম ॥৩৬॥
সুখী সোঽহমবাপ্তার্থঃ সমলোষ্টাশ্মকাঞ্চনঃ।
মুক্তসঙ্গঃ স্থিতো রাজ্যে বিশিষ্টোঽন্যৈস্ত্রিদণ্ডিভিঃ ॥৩৭॥
মোক্ষে হি ত্রিবিধা নিষ্ঠা দৃষ্টান্যৈর্মোক্ষবিত্তমৈঃ।
জ্ঞানং লোকোত্তরং যচ্চ সর্বত্যাগশ্চ কর্ম্মণাম্ ॥৩৮॥

ভারতকৌমুদী

নেতি। তাদৃশঞ্চ মে জ্ঞানম্, কস্মিংশ্চিৎ অনর্থে শত্রুসংহারাদৌ ন, পরিগ্রহে ভার্য্যাদৌ চ ন অভিরজ্যতি, তথা এতেষু ভার্য্যাশত্রুপ্রভৃতিষু, রাগরোষয়োর্ব্যর্থত্বাৎ অনিত্যত্বেন নিষ্ফলত্বাৎ, তেষু জ্ঞানং নাভিরজ্যতি, পূর্ব্বার্দ্ধং প্রতি পরার্দ্ধস্য হেতুতয়োক্তত্বান্ন পৌনরুক্ত্যম্ ॥৩৫॥

য ইতি। সমুক্ষয়েৎ সিঞ্চেৎ। সব্যং বামং বাহুম্, বাস্যা বাসীনামকেনাস্ত্রেণ, তক্ষেৎ মাংসচ্ছেদনেন তনুকুর্য্যাৎ ॥৩৬॥

ভারতভাবদীপঃ

প্রোক্তং নাম যস্য তেন পঞ্চশিখেনেত্যর্থঃ ॥৩৪॥ অনর্থে শত্রুবধাদৌ পরিগ্রহে স্ত্র্যাদিসংগ্রহে এতেষু রাগরোষয়োর্ব্বিষয়েষু স্ত্রীশত্রুপ্রভৃতিষু ব্যর্থত্বাত্তেষাং মিথ্যাত্বেন নিঃস্বরূপত্বাদিত্যর্থঃ ॥৩৫॥ বাস্তেতি। বাস্তসংজ্ঞকেন শস্ত্রেণ, বিভক্তিলোপ আর্ষঃ। অস্ত্রং বাস্তং বাসী তয়েতি বা ॥৩৬॥

তারপর, যে কোনও শরাবে ভজ্জিত বীজ অঙ্কুর উৎপাদনের হেতু হইয়াও ভর্জ্জনে সে বীজত্ব নষ্ট হওয়ায় যেমন অঙ্কুর উৎপাদন করে না; সেইরূপ সেই ভগবান্ সন্ন্যাসী পঞ্চশিখাচার্য্য আমার বুদ্ধিকে আসক্তিহীন করিয়া দিয়াছেন; সুতরাং সে বুদ্ধি আর স্রক্‌চন্দনপ্রভৃতি বিষয়ে প্রবৃত্ত হয় না ॥৩৩—৩৪॥

আমার বুদ্ধি কোন অনর্থে বা কোন ভোগে আর আসক্ত হয় না। কারণ, স্ত্রীপ্রভৃতির উপরে অনুরাগ ও শত্রুপ্রভৃতির উপরে ক্রোধ নিষ্ফল বলিয়া, সেগুলির উপরে আর বুদ্ধি যায় না ॥৩৫॥

যে লোক চন্দনদ্বারা আমার দক্ষিণবাহু সিক্ত করে, কিংবা যে লোক বাসী-(বাইস্) দ্বারা আমার বামবাহুর মাংস ছেদন করিয়া ফেলে, সেই দুইজনই আমার নিকটে সমান ॥৩৬॥

আমি সর্ব্বদাই সুখী, আমি সমস্ত কাম্যই লাভ করিয়াছি এবং আমার নিকটে মৃৎপিণ্ড, প্রস্তর ও স্বর্ণ সমান; আর আমি সমস্ত সংসর্গ পরিত্যাগ করিয়া, রাজপদে রহিয়াছি। সুতরাং আমি অন্যান্য সন্ন্যাসী অপেক্ষা শ্রেষ্ঠ ॥৩৭॥

জ্ঞাননিষ্ঠাং বদন্ত্যেকে মোক্ষশাস্ত্রবিদো জনাঃ।
কর্ম্মনিষ্ঠাং তথৈবান্যে যতয়ঃ সূক্ষ্মদর্শিনঃ ॥৩৯॥
প্রহায়োভয়মপ্যেব জ্ঞানং কর্ম্ম চ কেবলম্।
তৃতীয়েয়ং সমাখ্যাতা নিষ্ঠা তেন মহাত্মনা ॥৪০॥
যমে চ নিয়মে চৈব কামে দ্বেষে পরিগ্রহে।
মানে দম্ভে তথা স্নেহে সদৃশাস্তে কুটুম্বিভিঃ ॥৪১॥

ভারতকৌমুদী

সুধীতি। অবাপ্তার্থো লব্ধকামঃ। বিশিষ্টঃ শ্রেষ্ঠীকৃতঃ, ত্রিদণ্ডিভিঃ সন্ন্যাসিভিঃ ॥৩৭॥

মোক্ষ ইতি। মোক্ষে মোক্ষবিষয়ে, নিষ্ঠা নিষ্পত্তিহেতুঃ। সর্ব্বত্যাগঃ সন্ন্যাসঃ, কর্ম্মণাম্ অনুষ্ঠানঞ্চ ॥৩৮॥

জ্ঞানেতি। জ্ঞাননিষ্ঠাং মুক্তের্হেতুং বদন্তি। এবং কর্ম্মনিষ্ঠামপি ॥৩৯॥

প্রহায়েতি। উভয়মপি সমুচ্চিতজ্ঞানকর্ম্মদ্বয়মপি প্রহায়ৈব কেবলং জ্ঞানম্, কেবলং নিষ্কামঃ কর্ম্ম চ, ইয়ং তৃতীয়া নিষ্ঠা মুক্তিনিষ্পত্তিহেতুঃ, তেন মহাত্মনা পঞ্চশিখেন সমাখ্যাতা উক্তা ॥৪০॥

যমনিয়মাদিপালনং মোক্ষকারণম্, কামদ্বেষাদিধারণঞ্চ বন্ধহেতুরিত্যাহ যম ইতি। পরিগ্রহে ভার্য্যাবিষয়ে। "পরিগ্রহঃ কলত্রে চ মূল্যাস্বীকারয়োরপি" ইতি মেদিনী। তে সন্ন্যাসিনঃ, কুটুম্বিভির্ভার্য্যাদিপরিজনবদ্ভির্গৃহস্থৈঃ সদৃশাঃ। তথা চ যমনিয়মাদিসত্ত্বে গৃহস্থোঽপি সন্ন্যাসিতুল্যঃ, কামদ্বেষাদিসত্ত্বে চ সন্ন্যাস্যপি গৃহস্থসমান ইতি ভাবঃ ॥৪১॥

ভারতভাবদীপঃ

উপপাদিতামাত্মনো মুক্তসঙ্গিতামুপসংহরতি—সুধীতি ॥৩৭॥ ত্রিবিধা জ্ঞানোপাত্তিকর্ম্মাত্মিকা একা। অন্যা জ্ঞানোপাস্ত্যাত্মিকা। কর্ম্মণাং মানসানামপি, তেন সাংখ্যাযোগাত্মিকেত্যর্থঃ ॥৩৮॥ জ্ঞাননিষ্ঠাং কর্ম্মোপসর্জ্জনাং, কর্ম্মনিষ্ঠাং জ্ঞানোপসর্জ্জনাম্ ॥৩৯॥ এবং চত্বারঃ পরপক্ষা উপন্যস্তাঃ। স্বমতমাহ—প্রহায়েতি। উভয়ং সমুচ্চয়বিকল্পাখ্যং পূর্ব্বশ্লোকদ্বয়োক্তং ত্যক্ত্বেত্যর্থঃ। জ্ঞানস্ত কেবলত্বং কর্ম্মকৃতোপকারনৈরপেক্ষ্যম্। কর্ম্মণঃ কেবলত্বং প্রয়োজনাভাবেঽপ্যত্যাগঃ। সেয়ং তৃতীয়া নিষ্ঠা জ্ঞানকর্ম্মণোঃ সমুচ্চয়পক্ষাদ্বিকল্পপক্ষাচ্চান্যা। তেন পঞ্চশিখেন সমাখ্যাতা ॥৪০॥

অলৌকিক যে জ্ঞান, অলৌকিক যে সন্ন্যাস এবং অলৌকিক যে কর্ম্মানুষ্ঠান—এই ত্রিবিধ নিষ্ঠাকে মুক্তির উপায় বলিয়া অন্যান্য মোক্ষবিৎ পণ্ডিতেরা বলেন ॥৩৮॥

মোক্ষশাস্ত্রজ্ঞ একশ্রেণীর লোকেরা বলেন—জ্ঞাননিষ্ঠাই মুক্তির সাধন; আর সূক্ষ্মদর্শী অন্যশ্রেণীর সাধুরা বলেন—কর্ম্মনিষ্ঠাই মুক্তির কারণ ॥৩৯॥

কিন্তু সেই মহাত্মা পঞ্চশিখাচার্য্য এই তৃতীয় নিষ্ঠাকে মুক্তির কারণ বলিয়াছেন যে, পূর্ব্বোক্ত উভয় নিষ্ঠাকে পরিত্যাগ করিয়া, কেবল জ্ঞাননিষ্ঠা ও কেবল কর্ম্মনিষ্ঠাই মুক্তির কারণ ॥৪০॥

ত্রিদণ্ডাদিষু যদ্যস্তি মোক্ষো জ্ঞানেন কস্যচিৎ।
ছত্রাদিষু কথং ন স্যাত্তুল্যহেতৌ পরিগ্রহে ॥৪২॥
যেন যেন হি যস্যার্থং কারণেনেহ কর্ম্মণি।
তত্তদালম্বতে সর্ব্বং দ্রব্যং স্বার্থপরিগ্রহে ॥৪৩॥

ভারতকৌমুদী

ত্রীতি। ত্রিদণ্ডাদিষু ধৃতেষ্বপি যদি কস্যচিৎ জ্ঞানেনৈব মোক্ষঃ অস্তি ভবতি, তদা ছত্রাদিষু ধৃতেষু স মোক্ষঃ কথং তেন জ্ঞানেন ন স্যাৎ, অপি তু স্যাদেব, মোক্ষং প্রতি জ্ঞানস্যৈবাসাধারণ কারণত্বাৎ। পরিগ্রহে ত্রিদণ্ডাদিধারণে ছত্রাদিধারণে চ, তুল্যো হেতুঃ মোক্ষং প্রতি সমানং কারণম্ তস্মিন্ সতি। তথা চ মোক্ষং প্রতি জ্ঞানম্, বন্ধং প্রতি চ বিষয়াসঙ্গঃ কারণম্, ত্রিদণ্ডাদিধারণন্তু জ্ঞানিনো লক্ষণম্, ছত্রাদিধারণঞ্চ গৃহস্থস্য চিহ্নম্। এবঞ্চ সতি জ্ঞানাদেব মোক্ষঃ, ত্রিদণ্ডাদিধারণন্তু নিজপরিচায়কমাত্রমিতি ভাবঃ ॥৪২॥

যেনেতি। ইহ জগতি কর্ম্মণি ভোজনাদৌ উপাসনাদৌ চ, যস্য যস্য জনস্য, অর্থঃ প্রয়োজনম্, যেন যেন কারণেন তণ্ডুলাদিনা পরিত্রাসনাদিনা চ সিধ্যতীতি শেষঃ, স্বার্থপরিগ্রহে বিষয়ে স স জনঃ উপযোগি তত্তৎ সর্ব্বং দ্রব্যম্, আলম্বতে গৃহ্নাতি ॥৪৩॥

ভারতভাবদীপঃ

ইনামেব নিষ্ঠাং স্তৌতি—যমে চেতি। তে ত্রিদণ্ডিনঃ যমাদৌ সতি গৃহস্থঃ সন্ন্যাসিতুল্যাঃ, কামাদৌ সতি সন্ন্যাস্যপি গৃহস্থতুল্য ইত্যর্থঃ ॥৪১॥ ত্রিদণ্ডেতি। যদি জ্ঞানেনৈব মোক্ষ ইতি সিদ্ধং তর্হি ত্রিদণ্ডপরিগ্রহবচ্ছত্রপরিগ্রহোঽপি ন বাধকো জ্ঞানেন সঙ্গাভাবস্যোভয়ত্রাপি তুল্যত্বাদিত্যর্থঃ ॥৪২॥ যেনেতি। আলম্বতে প্রয়োজনবত্তয়া আসক্তো ভবতি কুত্র; কর্ম্মণি? দ্রব্যে পশ্বাদৌ স্বং ধনমর্থাঃ স্যাদয়স্তেষাং পরিগ্রহে কিমর্থং যেন যেন কারণেনান্নাদিনা যস্যার্থঃ। প্রয়োজনং কৃষি-বৃত্ত্যাদি তদর্থমিত্যর্থঃ। তথা চার্থস্যালম্বহেতুত্বে বন্ধমোক্ষহেতু ন ভবতঃ কিন্তু তত্রাসক্ত্যনাসক্তী

যম, নিয়ম, কাম, দ্বেষ, ভোগ্যগ্রহণ, মান, কপটতা ও স্নেহ বিষয়ে সন্ন্যাসীরা গৃহস্থের তুল্য; অর্থাৎ যম ও নিয়মপ্রভৃতি থাকিলে গৃহস্থও মুক্ত হয়, কিন্তু কাম-দ্বেষাদি থাকিলে, সন্ন্যাসীও মুক্ত হয় না ॥৪১॥

ত্রিদণ্ডাদিধারণ সন্ন্যাসীর লক্ষণ, আর ছত্রাদিধারণ গৃহস্থের লক্ষণ—এইভাবে এই উভয়ই সমান। সুতরাং ত্রিদণ্ডাদি থাকিলে যদি কাহারও জ্ঞানদ্বারাই মুক্তি হয়, তাহা হইলে ছত্রাদি থাকিলে সেই জ্ঞানদ্বারাই অন্যেরও মুক্তি হইবে না কেন? (অর্থাৎ ছত্রাদিধারণ মুক্তির প্রতিবন্ধক নহে) ॥৪২॥

উদ্দেশ্য কার্য্যে যে যে লোকের প্রয়োজন, যে যে কারণদ্বারা সিদ্ধ হয়, স্বার্থসাধন বিষয়ে সেই সেই লোক সেই সেই সমস্ত দ্রব্য গ্রহণ করে ॥৪৩॥

---

(৪২) কেনচিৎ—নি। (৪৩) সর্ব্বদ্রব্যে—নি।

দোষদর্শী তু গার্হস্থ্যে যো ব্রজত্যাশ্রমান্তরে।
উৎসৃজন্ পরিগৃহ্লংশ্চ সোঽপি সঙ্গান্ন মুচ্যতে ॥৪৪॥
আধিপত্যে তথা তুল্যে নিগ্রহানুগ্রহাত্মকে।
রাজর্ভির্ভিক্ষুকাস্তুল্যা মুচ্যন্তে কেন হেতুনা ॥৪৫॥
অথ সত্যাধিপত্যেঽপি জ্ঞানেনৈবেহ কেবলম্।
মুচ্যন্তে সর্ব্বপাপেভ্যো দেহে পরমকে স্থিতাঃ ॥৪৬॥
কাষায়ধারণং মৌণ্ড্যং ত্রিবিষ্টব্ধং কমণ্ডলুঃ।
লিঙ্গান্যুৎপথভূতানি ন মোক্ষায়েতি মে মতিঃ ॥৪৭॥

ভারতকৌমুদী

দোষেতি। গার্হস্থ্যে দোষদর্শী যো জনঃ, উৎসৃজন্ পুত্রকলত্রাদিকং ত্যজন্, বসনভূষণাদিকং পরিগৃহ্লংশ্চ আশ্রমান্তরে বনাদৌ ব্রজতি; সোঽপি সঙ্গাৎ বসনভূষণাদ্যাসক্তের্ন মুচ্যতে। সর্ব্বত্যাগ এব সন্ন্যাস ইতি ভাবঃ ॥৪৪॥

আধীতি। নিগ্রহো দোষিণো দণ্ডঃ, অনুগ্রহশ্চ গুণিনঃ পুরস্কারঃ তদুভয়াত্মকে আধিপত্যে তুল্যে সতি, ভিক্ষুকা অপি রাজভিস্তুল্যা এব। অতএব কেন হেতুনা তে মুচ্যন্তে। তথা চ ভিক্ষুকৈরাধিপত্যমপি বর্জ্জনীয়মিত্যাশয়ঃ ॥৪৫॥

মুক্তিং প্রতি জ্ঞানস্যৈব অসাধারণকারণতামাহ অথেতি। পরমকে নিষ্পাপতয়া পবিত্রে দেহে, স্থিতাঃ পুরুষাঃ, আধিপত্যে রাজ্যাদীনাং প্রভুত্বে সত্যপি, ইহ কেবলম্ একেন জ্ঞানেনৈব সর্ব্বপাপেভ্যো মুচ্যন্তে "জ্ঞানাগ্নিদগ্ধকর্ম্মাণম্" ইত্যুক্তেঃ ॥৪৬॥

কাষায়বসনধারণাদিকন্তু সন্ন্যাসপরিচায়কমাত্রমিত্যাহ কাষায়েতি। কাষায়ধারণং গৈরিকবসনপরিধানম্, মৌণ্ড্যং মুণ্ডিতমস্তকতা, ত্রিবিষ্টব্ধং ত্রিদণ্ডম্, কমণ্ডলুশ্চ, এতানি উৎপথভূতানি সন্ন্যাসপ্রযোজ্যানি, লিঙ্গানি চিহ্নানি, মোক্ষায় ন কল্পন্ত ইতি মে মতিঃ ॥৪৭॥

ভারতভাবদীপঃ

এবেতি ভাবঃ ॥৪৩। আধিপত্যে তুল্যে ত্রিদণ্ডাস্তর্থে আসক্তির্বাধিকেত্যাহ দোষেতি ॥৪৪॥

যে মানুষ গৃহস্থাশ্রমে দোষ দেখিয়া, পুত্রকলত্রাদি পরিত্যাগ করিয়া, বসনভূষণাদি লইয়া, তপোবনে বা সন্ন্যাসাশ্রমে গমন করে, সেও বিষয়াসক্তি হইতে মুক্ত হয় না ॥৪৪॥

দোষীর নিগ্রহ ও গুণীর অনুগ্রহ—এই উভয় বিষয়ে প্রভুত্ব সমান থাকিলে, সন্ন্যাসীরা রাজাদেরই তুল্য বলিয়া গ্রাহ্য হন; সুতরাং তাঁহারা কোন্ কারণে মুক্ত হইবেন? ॥৪৫॥

মানুষ পবিত্র দেহে থাকিয়া, আধিপত্য থাকিলেও একমাত্র জ্ঞানদ্বারাই সমস্ত পাপ হইতে মুক্ত হয় ॥৪৬॥

(৪৬) পরমিকে স্থিতাঃ—বর্দ্ধ, (৪৭) কমণ্ডলুম্—নি।

যদি সত্যপি লিঙ্গেঽস্মিন্ জ্ঞানমেবাত্র কারণম্।
নির্মোক্ষায়েহ দুঃখস্য লিঙ্গমাত্রং নিরর্থকম্ ॥৪৮॥
অথবা দুঃখশৈথিল্যং বীক্ষ্য লিঙ্গে কৃতা মতিঃ।
কিং তদেবার্থসামান্যং ছত্রাদিষু ন লক্ষ্যতে ॥৪৯॥
আকিঞ্চন্যে ন মোক্ষোঽস্তি কিঞ্চন্যে নাস্তি বন্ধনম্।
কিঞ্চন্যে চেতরে চৈব জন্তুর্জ্ঞানেন মুচ্যতে ॥৫০॥

ভারতকৌমুদী

যদীতি। অস্মিন্ কাষায়ধারণাদৌ লিঙ্গে চিহ্নে, সত্যপি যদি অত্র মোক্ষে জ্ঞানমেব কারণং স্যাৎ; তদা ইহ দুঃখস্য নির্মোক্ষায় আত্যন্তিকনিবৃত্তয়ে, লিঙ্গমাত্রং কাষায়ধারণাদিসমস্তং চিহ্নম্, নিরর্থকম্। অতএব তেষামধারণে ন মে দোষ ইতি ভাবঃ ॥৪৮॥

নমু বহুমূল্যবসনভূষণাদিসংগ্রহে দুঃখবাহুল্যম্, কাষায়াদিসংগ্রহে তু ন তথেত্যাহ অথবেতি। অথবা দুঃখস্য বসনভূষণসংগ্রহাদিকষ্টস্য শৈথিল্যং ভ্রংশম্ বীক্ষ্য, লিঙ্গে কাষায়াদিধারণে মতিঃ কৃতা। ইতি চেৎ তত্রাহ কিমিতি। ছত্রাদিষু মদীয়রাজচিহ্নাদিষপি তদেব অর্থসামান্যং দুঃখশৈথিল্যাত্মকবিষয়সাদৃশ্যং কিং ন লক্ষ্যতে। যুষ্মাকং কাষায়াদিধারণে যথা কিঞ্চিন্মাত্রং দুঃখম্, তথাস্মাকং ছত্রাদিধারণেঽপীতি ভাবঃ ॥৪৯॥

অথ ভবতঃ প্রভূতসম্পদেব মুক্তিপ্রতিবন্ধিকা বন্ধপ্রযোজিকা চেত্যাহ আকিঞ্চন্য ইতি। অস্য কিঞ্চন নাস্তি ইত্যকিঞ্চনস্তস্য ভাব আকিঞ্চন্যং তস্মিন্, কেবলে আকিঞ্চন্যে স্থিত এব মোক্ষো নাস্তি ন ভবতি; তথা কিঞ্চন্যে কিয়ত্যাং সম্পদি স্থিত এব বন্ধনং বন্ধো নাস্তি। কিঞ্চন্যে ইতরে আকিঞ্চন্যে চ স্থিতো বা, জন্তুর্মানুষঃ কেবলেন জ্ঞানেনৈব মুচ্যতে ॥৫০॥

ভারতভাবদীপঃ

আসনমেব বিবৃণোতি—আধিপত্যে ইতি। শিখাদিষ্বিতি শেষঃ ॥৪৫—৪৬॥ ত্রিবিষ্টব্ধং ত্রিদণ্ডকং লিঙ্গানি আশ্রমপরিচায়কানি ॥৪৭—৪৮॥ অথবেতি। দুঃখাভাবার্থং ত্রিদণ্ডঃ চেৎ কর্ত্তব্যং তর্হি রাজ্যমপি তদর্থং কুতো ন কর্ত্তব্যমিত্যর্থঃ। অতএবোক্তং ভগবতা—"দুঃখমিত্যেব যৎ কর্ম্ম কায়ক্লেশভয়াৎ ত্যজেৎ। স কৃত্বা রাজসং ত্যাগং নৈব ত্যাগফলং লভেদি"তি ॥৪৯॥ ফলিত-

---

আমার ধারণা এই যে, গৈরিকবস্ত্র পরিধান, মস্তকমুণ্ডন, ত্রিদণ্ডগ্রহণ ও কমণ্ডলু ধারণ—এগুলি সন্ন্যাসাশ্রমের চিহ্নমাত্র; কিন্তু মুক্তিপ্রযোজক নহে ॥৪৭॥

গৈরিকবস্ত্রপ্রভৃতি—এই সকল সন্ন্যাসচিহ্ন থাকিলেও যদি আত্যন্তিক দুঃখ-নিবৃত্তিবিষয়ে একমাত্র জ্ঞানই কারণ হয়, তাহা হইলে ঐ সকল চিহ্ন নিষ্প্রয়োজন ॥৪৮॥

অথবা গৈরিকবস্ত্রধারণ প্রভৃতি ব্যাপারে কষ্ট অল্প হয়, ইহা দেখিয়া, সন্ন্যাসীরা ঐ সকল চিহ্নধারণে ইচ্ছা করেন; এমন হইলে ছত্র-দণ্ডাদি ধারণেও কষ্ট অল্প হয়, ইহা কেন লক্ষ্য করা হয় না ॥৪৯॥

তস্মাদ্ধর্ম্মার্থকামেষু তথা রাজ্যপরিগ্রহে।
বন্ধনায়তনেষ্বেষু বিদ্ধ্যবন্ধে পদে স্থিতম্ ॥৫১॥
রাজ্যৈশ্বর্য্যময়ঃ পাশঃ স্নেহায়তনবন্ধনঃ।
মোক্ষাশ্মনিশিতেনেহ ছিন্নস্ত্যাগাসিনা ময়া ॥৫২॥
সোঽহমেবংগতো মুক্তো জাতাস্থস্ত্বয়ি ভিক্ষুকি!।
অযথার্থং হি তে বর্ণং বক্ষ্যামি শৃণু তন্মম ॥৫৩॥

ভারতকৌমুদী

